



মাওলানা ফয্লে হক খায়রাবাদী

মুহিউদ্দীন খান



### या 3लावा कथाल इक शास्त्रावाफी

# वायामी वात्मावन ১৮৫१

प्ता अला ता स्टि जिली त थात अन्ति उ

http://islamerboi.wordpress.com/

#### মাওলানা ফযলে হক খায়রাবাদীর

## वायामी वात्मावन-১৮८१

অনুবাদঃ মাওলানা মুহিউদ্দীন খান

৩য় সংস্করণ ঃ

ফাল্ভন—১৩৮৯

8र्थ **मः ऋत्** ः

অগ্রহায়ণ--১৩৯৩

৫ম সংস্করণঃ

চৈত্ৰ—১৪০০

এপ্রিল--১৯৯৪

প্রকাশক ঃ

মোস্তফা মুঈলুদ্দীন খান মদীনা পাবলিকেশা**ল** ৩৮/২, বাংলাবাজার, ঢাকা-১১০০

প্রচ্ছদ ঃ

কুতুবুজামান খান

মুদ্রণ ও বাঁধাই ঃ

মদীনা প্রিন্টাস

৩৮/২, বাংলাবাজার, ঢাকা-১১০০

মূল্যঃ বিশ টাকা মাত্র

AZADI ANDOLAN—1857: Bengali Translation of Moulana Fazle Huq Khayrabadi's Assawratul Hindia, Translated by Mohiuddin Khan Published by Madina Publications, 38/2 Banglabazar, Dhaka—1100, Bangladesh. Tk. 20:00, U. S. Dallar-2

মাওলানা ফযলে হক খায়রাবাদী রচিত 'আস্সাওরাতুল-হিন্দিয়।' সিপাহী বিপ্লব সম্পাকিত একটা অতি মূল্যবান দলীল। 'আযাদী আন্দোলন ১৮৫৭' সেই অমূল্য বৃই-এর বাংলা অন্তবাদ।

মাওলানা খায়রাবাদী এদেশে ক্রমবর্ধমান ইংরেজ আধিপত্য প্রতিরোধ করার লক্ষ্য সামনে নিয়ে সর্বস্তরের জনগণকে এ মহাবিপ্লবে শরীক হওয়ার আহ্বান-সম্বলিত ফতওয়া প্রচার করেছিলেন। তিনি নিজেও বিপ্লবের নেতৃত্ব গ্রহণ করেছিলেন।

বিপ্লবের পর ইংরেজ সাঞ্রাজ্যবাদীদের বিচার-প্রহসনে হাজার হাজার দেশপ্রেমিকের সঙ্গে নাওলানা খায়রাবাদীকেও আন্দামানে নির্বাসিত করা হয়। আন্দামানের সেই কঠিন বন্দীজীবনে মাওলানা সাহেব কাফনের কাপড়ের মধ্যে কয়লার সাহায্যে এ মূল্যবান গ্রন্থটি রচনা করেন। বিষয়-বস্তুর গুরুত্ব ছাড়াও বইটি আরবী ভাষার এক অনুপ্রম সম্পদ্রূপে পরিচিত।

অতীতের বহু ঝড় ঝঞ্চা পাড়ি দিয়ে আজ আমরা স্বাধীন সার্বভৌম জাতি হিসাবে ছনিয়ার বুকে প্রতিষ্ঠা লাভ করেছি। স্বাধীনতা অর্জনের চাইতে স্বাধীনতা রক্ষা করা নিঃসন্দেহে অনেক বেশী দায়িত্বপূর্ণ কাজ। এ দায়িত্ববোধ জাগ্রত করণের জন্ম দেশের জনগণের অতীত ইতিহাসের মোড় ফিরানো প্রতিটি ঘটনা সম্পর্কে বিস্তারিত অবগত হওয়ার প্রয়োজনীয়ত। অপরিসীম। বলাবাহুল্য, এ প্রয়োজনীয়তার প্রতি লক্ষ্য রেখেই বইটির বাংলা তরজমা প্রকাশ অত্যন্ত সময়োপযোগী প্রয়াস বলে মনে করি।

শেষ মোগল সন্ত্রাট বাহাত্বর শাহ যাফরের রেংগুন নির্বাসনের সংগে সাক-ভারত উপমহাদেশ হইতে সাত শতাধিক বংসরের মুসলিম শাসনের শেষ চিহ্নটুকুও বিলুপ্ত হয়। অনুরূপ এই উপমহাদেশের মাটিতে শতাব্দীর পর শতাব্দী ধরিয়া মুসলিম জ্ঞানসাধনার যে ঐতিহাট ধীরে ধীরে বিকশিত হইয়া পত্র-পুষ্পে স্থুশোভিত বিশাল মহীরহে পরিণতি লাভ করিয়াছিল, সিপাহী বিপ্লবোত্তর সীমাহীন নির্ধাতন ও বিশিষ্ট জ্ঞানসাধক-গণকে কাঁসিকার্চে ঝুলানো অথবা আন্দামানে নির্বাসিত করার মাধ্যমে জ্ঞান-সাধনার সেই ধারাটিকেও একপ্রকার নির্মূল করিয়া দেওয়া হয়।

দায়িত্ব সচেতন আলেম সমাজ সম্পূর্ণ স্বাভাবিক কারণেই দেশের মুক্তিসংগ্রামে আত্মনিয়োগ করিয়াছিলেন। কিন্তু দেশীয় বিশ্বাসঘাতকদের মুনাফেকীতে যখন মুক্তিসংগ্রাম ব্যর্থতায় পর্যবসিত হয়, তথন তাঁহাদের উপর সর্বপ্রথম বৃটিশ নির্যাতনের খড়গ নামিয়া আসিয়াছিল। বিশিষ্ট আলেমগণকে ধরিয়া নিবিচারে হত্যা অ্থবা আন্দামানে নির্বাসিত করিয়াই সামাজ্যলোলুপ বৃটিশ শক্তি শান্ত হইতে পারে নাই; বেনিয়া বৃদ্ধির বশবর্তী হইয়া তাহারা এই দেশের অসংখ্য শিক্ষা প্রতিষ্ঠান এবং পারিবারিক গ্রন্থাগারও লুঠন তরিয়া স্বদেশে চালান দেয়। 'ইণ্ডিয়া অফিস লাইব্রেরীর' গোডার কথা যাহার। অবগত আছেন, তাঁহারা এই সতা উপলব্ধি করিবেন। তাহা ছাড়া ব্যাপক লুগন ও অগ্নি সংযোগের সময় যে কত মূল্যবান লাইবেরী ও পাণ্ড লিপির সংগ্রহ বিনষ্ট হইয়া যায়, তাহারও ইয়তা নাই। বলাবাহুল্য যে, ইণ্ডিয়া অফিস লাইব্রেরীর সংগ্রহ, ধ্বংস্যক্তের হাত হইতে যাহাকিছু রক্ষা পাইয়াছিল, তাহারই যৎকিঞ্জিৎ মাত্র। একই কারণে এই দেশের বিশিষ্ট পণ্ডিতগণের দারা লিখিত বহু পুস্তকের উল্লেখ এখন মাত্র গ্রন্থতালিকা সংক্রান্ত পুস্তকেই দেখিতে পাওয়া যায়, কিন্তু কোথাও সেইগুলির অস্তিত্ব খুজিয়া পাওয়া যায় না। আবার এই দেশের বহু গ্রন্থের নাম পর্যন্ত দেখের তালেম সমাজ ভুলিয়া গিয়াছিলেন, কিন্তু পরবর্তীকালে দেখা গিয়াছে যে, পাশ্চাত্যের কোন একাডেমী বা বিশ্ব-বিদ্যালয়ের প্রকাশনা বিভাগ তাহা প্রকাশ করিয়া জগৎকে তাক লাগাইয়া দিয়াছে।

মোগল শাসনের শেষ প্রতীক যেমন ছিলেন বাহাত্রশাহ জাফর, তেমনি এই উপ-মহাদেশে প্রাচীন আলেম সমাজের অসাধারণ প্রতিভাও জান সাধনার প্রতীক ছিলেন মওলানা ক্যলে হক খায়রাবাদী। শেষ মোগল সমাট শুধুমাত্র কিল্লা ও শহরের চারি দেওয়ালের মালিক মুখতার ছিলেন। তাঁহার দরবারের আমীর-উমরাহ এবং তাঁহাদের বৃদ্ধিমন্তা সম্পর্কে বিজ্ঞাপ করা চলে, কিন্তু সেই শেষ জমানার দিল্লীর বিদ্বান্মগুলীর মধ্যেও এমন কতিপয় ব্যক্তিত্ব ছিলেন যাদের নাম কোন কালেই মান হওয়ার মত নয়। অমর কাব্য প্রতিভা আসাহাল্লাহ খান গালেব, জহীর দেহলবী, মঙলানা শাহ আবছল কাদের, মঙলানা শাহ রফীউদ্দীন, মঙলানা ফ্যলে হক খায়রাবাদী প্রমুখ ব্যক্তির নাম এই প্রসঙ্গে উল্লেখ করা যায়।

আল্লামা ফখলে হক খায়রাবাদীকে প্রাচীন মুসলিম জ্ঞান-বিজ্ঞানের সর্বশেষ প্রবক্তা ও ব্যাখ্যাতা বলিয়া অভিহিত করা হয়। ১৭৯৭ খ্রীষ্টাব্দে তিনি অযোধ্যার অন্তর্গত খায়রাবাদে জন্মগ্রহণ করেন। তাঁহার পিতা মওলানা ফজলে ইমাম ছিলেন সমকালীন শ্রেষ্ঠ জ্ঞান-সাধকগণের একজন। তিনি ছিলেন দিল্লীর 'সদরুস-স্থদূর' বা সরকারের প্রধান আইন ব্যাখ্যাতা। পিতার যত্নে অতি জ্ঞান বয়সেই আল্লামা ফজলে হক কোর-আনের হাফেজ ও এলমে মা'কুলাতে (তায়শাত্র, চিকিৎসাবিজ্ঞান ও প্রাচীন পদার্থবিদ্যা ইত্যাদি) একজন বিজ্ঞ পণ্ডিত বলিয়া পরিগণিত হন। তিনি হাদীস ও দীনিয়াত শিক্ষা করেন বিশ্ববিখ্যাত মুহাদ্দেস মওলানা শাহ আবহুল আজিজের নিকট। এই সময়ের একটি ঘটনায় আল্লামার অসাধারণ ধীশক্তির পরিচয় পাওয়া যায়।

শিয়া সম্প্রদায়ের কয়েকটি মতবাদ খণ্ডন করিয়া হযরত শায়থ আবতুল আজীজ যখন তাঁর বিখ্যাত গ্রন্থ 'তোহফায়ে এসনা আশারিয়া' রচনা করেন তথন মুসলিম-জাহানের সর্বত্র সাড়া পড়িয়া যায়। ইরানের শিয়া সম্প্রদায়ের মধ্যেই সর্বাপেক্ষা অধিক চাঞ্চল্যের স্থাষ্টি হয়। তাঁহারা সমকালীন বিখ্যাত আলেম মীর বাকেরকে একদল আলেম সহ দিল্লীতে হযরত শাহ সাহেবের সঙ্গে মুনাজারা (তর্কযুদ্ধ) করার জন্য প্রেরণ করেন। মীর সাহেব উটের পিঠে কিতাব বোঝাই করিয়া দিল্লীতে শাহ সাহেবের আন্তানায় উপস্থিত হন। শাহ সাহেব তাঁহার সম্মানিত মেহমানদের খেদমতের জন্য কয়েকজন ছাত্র নিয়োগ করেন। তন্মধ্যে অল্পবয়স্ক ফজলে হক খায়রাবাদীও ছিলেন একজন। সন্ধ্যার পর খায়রাবাদী মেহমানদের খেদমতে হাযির ছিলেন। মীর বাকের নানা কথায় খায়রাবাদীর পডাশোনার কথা জিজ্ঞাসা করিলেন। কথায় 'উফুকুল-মুবীন' নামক বিখ্যাত গ্রন্থের তুই একটি জটিল বিতর্ক সম্পর্কে আলোচনা হইল। খায়রাবাদী শুধু যে এ সমস্ত প্রশ্নের মীমাংসা করিয়া দিলেন তাহাই নহে—নতুন কয়েকটি প্রশ্নেরও অবতারণা করিলেন। প্রসঙ্গতঃ তিনি এই কথাও প্রমাণ করিয়া ছাড়িলেন যে, মূল গ্রন্থকার ঐ সমস্ত বিষয়ে ভুল সিদ্ধান্ত করিয়াছেন। খায়রাবাদীর এই অসাধারণ পাণ্ডিত্যের পরিচয় পাইয়া মীর বাকের স্তর্ভিত হন। তিনি মনে মনে ভাবিলেন, শাহ সাহেবের একটি বালক সাগরিদের জ্ঞান-গরিমার এই পরিচয় পাওয়ার পর খোদ শাহ সাহেবের সঙ্গে তর্কে প্রবৃত্ত হওয়ার ফ্রংসাহস করা বৃথা। স্তুতরাং পলায়ন করিয়া মুখরক্ষা করাই তাঁহারা উত্তম বলিয়া বিবেচনা করিলেন। সকাল বেলায় শাহ সাহেব যখন মেহমানদের খোজ-খবর লইতে আসিলেন তখন দেখিলেন, মেহমানখানা শৃন্ত। অনুসন্ধানের পর যথন জানিতে পারিলেন যে, সন্ধ্যার দিকে খায়রাবাদীর সহিত মীর সাহেবের একদফা আলোচনা হইয়া-ছিল তথন তিনি প্রিয় সাগরেদকে ডাকিয়া তিরস্থার করিলেন এবং সন্মানিত মেহমানদিগকে এইভাবে ভয় দেখাইয়া দেওয়ার জন্য শাসাইলেন।১

১। তায়কেরায়ে-উলামায়ে হিল

খায়রাবাদীর বাল্যজীবন অতিবাহিত হইয়াছিল দিল্লীর তদানীস্কন শ্রেষ্ঠ বৃদ্ধিজীবী ও আলেমগণের সংসর্গে। যৌবনের প্রারম্ভে তিনি খায়রাবাদে পিতার মাদ্রাসায় শিক্ষকতা শুরু করেন। অসাধারণ মেধা ও প্রজ্ঞা প্রদর্শন করিয়া তিনি অল্পদিনের মধ্যেই উপমহাদেশের আলেম সমাজের শীর্ষস্থানে স্বীয় বিশিষ্ট আসন রচনা করিয়া লন।

পিতার ইন্তেকালের পর থায়রাবাদী দিল্লীর সেরেন্ডাদারের পদে চাকুরী গ্রহণ করেন। দিল্লীর পরিবেশ ছিল তথন কাব্য ও সাহিত্য আলোচনায় মুখর। গালেব, হাকীম মুমেন খান, মুফতী সদক্ষদীন খান আযুরদাহ, ইবরাহীম যওক প্রমুখ শিল্পী-সাহিত্যিকের সঙ্গে খায়রাবাদীর ব্যক্তিগত বৃদ্ধু গড়িয়া উঠে। অমর কাব্যগ্রন্থ 'দীওয়ানে-গালেব'-এর খসড়া পরিমাজিত করিয়া একটি সর্বান্ধ স্থান্দর দীওয়ানে রূপান্তরিত করিয়া দেওয়ার জন্য কবি গালেব সেইটি মওলানা খায়রাবাদীর হাতে সমর্পণ করেন। গালেবের এই অমর দীওয়ানের পাতায় পাতায় মওলানার সমঝদার হস্তের স্পর্শ বিদ্যমান। গালেব মওলানার এই অম উচ্ছুসিত ভাষায় স্বীকার করিয়াছেন।২ গালেবর পত্রাবলীর মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য কয়েকটি পত্র মওলানা খায়রাবাদীকে লিখিত হইয়াছিল।

মওলানা ফজলে হক চাকুরী জীবনে শেষ পর্যন্ত সদরুস্ সুদূর পদে উন্নীত হইয়াছিলেন। কিন্তু জ্ঞান-চর্চা ও জ্ঞানীগুণীর সাহচর্যই ছিল তাঁহার সর্বাপেক্ষা প্রিয়। চাকুরী জীবনেও তিনি বিশেষ যোগ্যতার পরিচয় দিয়াছিলেন। কিন্তু সরকারী চাকুরীর দায়িত্ব ও ব্যক্ততা তাঁহাকে জ্ঞানচর্চার মহান ব্রত হইতে সরাইয়া রাখিতে পারে নাই। বারোটি জ্ঞানগর্ভ পুস্তক তাঁহার গভীর প্রজ্ঞার সাক্ষী হইয়া এখন পর্যন্ত বাঁচিয়া রহিয়াছে। এই-গুলির মধ্যে কয়েকটি পুস্তক দেশ-বিদেশের ইসলামী শিক্ষা প্রতিষ্ঠানের উচ্চতর স্তরে পাঠ্যতালিকাভুক্ত।

মওলানার প্রত্যেকটি রচনাই ভাষার চমৎকারিকে ও বিষয়বস্তুর স্মৃষ্টু

२। भर्त्वता'ना-भरः १०२

আলোচনায় একক স্থানের অধিকারী হইয়া রহিয়াছে। বিশেষতঃ মান্তেক ও হেকমত বিষয়ে তাঁহার গ্রন্থলি এমন গভীর তত্ত্ব ও তথ্যপূর্ণ যে তাহার প্রতিটি ছত্র পাঠককে এক নৃতন বিশ্বয়ের জগতে লইয়া যায়।

'আস্সাওরাতুল-হিন্দিয়া' ও 'কাসিদায়ে-ফেতনাতুল-হিন্দ' মওলানার নির্বাসিত জীবনের ছুইটি বিলাপ-লিপি। আরবী ভাষার কয়েকটি ক্লাসিক ব্যতীত এই ধরনের গদ্য ও পদ্যের নমুনা বড় একটা দেখা যায় না। আন্দামানের কঠোর বন্দী জীবনে হৃদয়ের উচ্ছাস কাব্যে ও গানে প্রকাশিত হইত। কখনও কখনও সেইগুলি অল্যেরা লিখিয়া রাখিতেন। লেখার মত কোন সরঞ্জামও পাওয়া যাইত না। কাপড়ে, টুকরা কাগজে, কয়লা বা সামাত্য পোন্সিল দ্বারা লিখিয়া রাখা হইত।

'আস্সাওরাতুল-হিন্দিয়া' সম্পর্কে 'সিয়ারুল-উলামা' এন্থে বলা হইয়াছে: ১৮৫৭ খ্রীষ্টাব্দের আঘাদী সংগ্রামে মওলানা ফ্যলে হক খায়রাবাদী
প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করিয়াছিলেন। তিনি ইংরেজদের বিরুদ্ধে অস্ত্র
ধারণ ওয়াজেব বলিয়া ফতওয়াও প্রচার করিয়াছিলেন। এই অপরাধে
তাহার বিরুদ্ধে মোকদ্দমা আনয়ন করা হয় এবং তাহাকে যাবজ্জীন কারাদণ্ডে
দণ্ডিত করিয়া নির্বাসন জীবন-যাপন করিবার নিমিত্ত ১৮৫৯ খ্রীষ্টাব্দে আন্দান্দানে প্রেরণ করা হয়। ১৮৬১ খ্রীষ্টাব্দে তিনি এই অভিশপ্ত দ্বীপেই ইত্তেকাল
করেন।

মওলানা খায়রাবাদীর বহু পূর্বেই মুফতী এনায়েত আহমদ কার্ব্রী আন্দামানে নির্বাসিত হইয়াছিলেন। নির্বাসিত জীবনে তিনি 'তাক্বীমূল-বুলদান' নামক গ্রন্থের অনুবাদ করিয়া জনৈক ইংরেজ রাজ-কর্মচারীর অনুগ্রহ লাভ করেন এবং তাঁহাকে মুক্তি দেওয়া হয়। আন্দামান হইতে বিদায়ের সময় মওলানা খায়রাবাদী কাফনের কাপড় বলিয়া কথিত এক টুকরা বস্ত্র ও কতিপয় বিচ্ছিন্ন টুকরা কাগজে কয়লা দ্বারা লিখিত একটা পত্র দিয়াছিলেন এবং বিশেষভাবে অনুরোধ করিয়াছিলেন যেন এইগুলি তাঁহার স্থযোগ্য প্ত মওলানা আবছল হক খায়রাবাদীর হাতে পোঁ ছাইয়া

দেওয়া হয়। এই কাফনের কাপড় ও টুকরা কাগজের সমষ্টিই 'আস্সাও-রাতুল হিন্দিয়া'ও 'কাসিদাতু ফিতনাতিল হিন্দ' নামক হুইটি পৃ্স্তিকা।

বৃদ্ধ মওলানাকে আন্দামানের কঠোর বন্দী জীবনে যে নির্যাতন ভোগ করিতে হইয়াছিল, 'আস্সাওরাতুল-হিন্দিয়া' পৃস্তকের ছত্রে ছত্রে তাহার বেদনা অনুরণিত হহয়াছে।

প্রথম বংসর মওলানাকে সাধারণ কয়েদী শ্রেণীর অন্তর্ভুক্ত করিয়া রাখা হয়। আন্দামানের তদানীন্তন ডেপুটি জেলার প্রাচ্য জ্ঞান-বিজ্ঞানের বিশেষ অনুরাগী ছিলেন। বিশেষতঃ উপ-মহাদেশের জ্যোতিবিদ্যা সম্পর্কে ভাঁচার বিশেষ আগ্রহ ছিল। জেলার সাহেবের নিকট জ্যোতিবিদ্য। সম্পর্কিত একটা পুরাতন ফার্সী পাণ্ডুলিপি ছিল। এই পুস্তকটির পাঠোদ্ধারের জন্য তিনি উহা জনৈক শিক্ষিত কয়েদীর হাতে সমর্পণ করেন। উক্ত কয়েদী মওলানা খায়রাবাদীর জ্ঞান-গরিমা সম্পর্কে বিশেষ-ভাবে অবগত ছিলেন। তিনি পুস্তকটি মওলানাকে দেন। নিঃসঙ্গ কারা-জীবনে জ্ঞান-চর্চার একটু সুযোগও ছিল তাঁহার জন্য সান্ত্রনার উৎস। তিনি অতি যত্নের সঙ্গে পুস্তকটি নকল করিলেন এবং স্থানে স্থানে প্রয়োজনীয় টীকা ব্যাখ্যা লিখিয়া নিলেন। জেলার সাহেব নোট ও ব্যাখ্যা পাঠ করিয়া এত মুগ্ধ হইলেন যে, তৎক্ষণাৎ মওলানার দর্শন লাভের জ্ঞ ব্যারাকে ছুটিয়া আসিলেন। মওলানা তখন ব্যারাকে ছিলেন না। কিছুক্ষণ অপেক্ষা করার পর দেখা গেল, কাঁধে কোদাল ও বগলের নীচে টুকরী লইয়া সাধারণ কয়েদীদের সঙ্গে মাওলানা ব্যারাকের দিকে ফিরিয়া আসিতেছেন। এই দৃশ্য দেখিয়া জ্ঞান পিপাস্থ জেলারের চক্ষু অঞ্চতে ভরিয়া উঠিল। তিনি অগ্রসর হইয়া মওলানার হাত হইতে কোদাল ও টুকরী ফেলিয়া দিলেন। অশ্রুভারাক্রান্ত কঠে তিনি বলিতে লাগিলেনঃ হায়, যে হাতের স্পর্শ পাইয়া সোনার কলম ধন্ম হইত, সেই হাতেই কিনা আজ টুকরী কোদাল উঠিয়াছে! সেইদিন হইতে মওলানাকে কায়িক শ্রম হইতে অব্যাহতি দান করিয়া লেখাপড়ার কাজে নিয়োজিত করা হয়।

ওণগ্রাহী ইংরেজ জেলার মওলানার মুক্তির জক্তও বিশেষভাবে সরকারের নিকট সুপারিশ করিয়াছিলেন। এইদিকে মওলানা আবছল হক ও মওলানা শামস্থল হক থায়রাবাদী পিতার মুক্তির জক্ত বিলাতের প্রিভিকাউন্সিলে আপীল দায়ের করিয়াছিলেন। দেশের শিল্পী সাহিত্যিক ও বৃদ্ধিজীবী সম্প্রদায়ের তরফ হইতেও সরকারের নিকট বারবার মওলানার মুক্তির জক্ত আবেদন নিবেদন পেশ করা হইতেছিল। শেষ পর্যন্ত ১৮৬১ খ্রীষ্টাব্দে মওলানার মুক্তির আদেশ হইল। মওলানা শামস্থল হক আদেশটি হাতে লইয়া আন্দামান রওয়ানা হইলেন। অভিশপ্ত দ্বীপে অবতরণ করিয়াই দেখিতে পাইলেন, একটি জানামা লইয়া যাওয়া হইতেছে। তার পশ্চাতে যেন সমস্ত আন্দামানের জনসাধারণ একত্র হইয়া শোকমিছিল করিয়া চলিয়াছে। জিজ্ঞাসা করিয়া জানিতে পাইলেন যে, উহা মওলানা ফজলে হক খায়রাবাদীর জানামা। শেষ পর্যন্ত মওলানা শামস্থল হকও শোকসন্তপ্ত জনতার মিছিলে শরীক হইলেন এবং জ্ঞান-বিজ্ঞানের এই অমূল্য নিধি আন্দামানের অভিশপ্ত দ্বীপে সমাহিত করিয়া দেশে ফিরিয়া আসিলেন।

'আস্সাওরাতুল-হিন্দিয়া' পুস্তকটির পাঠোদ্ধার করতঃ উহার কতকগুলি নকল প্রস্তুত করিয়া গোপনে বিভিন্ন স্থানে প্রেরণ করা হয়। উপমহাদেশের সংগ্রামী স্থালেম সমাজ, বিশেষতঃ দারুল উলুম দেওবন্দের আলেমগণ পুস্তিকাটির বিপুল সংখ্যক নকল করিয়া প্রচার করেন। শেষ পর্যন্ত
১৯৪১ সালে মওলানা আবুল কালাম আজাদের বিশেষ আগ্রহে মওলানা
আবিছ্স শাহেদ খান শিরওয়ানী পুস্তকটির উহু অনুবাদ করেন এবং বিজন্থরের বিখ্যাত উহু অর্ধসাপ্তাহিক পত্রিকা 'মদীনার' স্বতাধিকারী মৌলবী
মজিদ হোসাইন মূল আরবীসহ পুস্তকটি প্রকাশ করেন। বলাবাহুল্য
যে, পুস্তকটি প্রকাশিত হওয়ার সঙ্গে সঙ্গেই উহা ইংরেজ সরকার কর্তৃ ক
বাজেয়াপ্ত হয় এবং প্রকাশক ও অনুবাদককে অনেক নির্বাতন ভোগ
করিতে হয়।

মৌলবী মজিদ হোসাইন কতৃ ক প্রকাশিত 'আস্ সাওরাতুল-হিন্দিয়া' বা 'বাগী হিন্দুস্তান' নামক সেই বাজেয়াপ্ত পুস্তকটির এক কপি আমাদের পারিবারিক পাঠাগারে সংরক্তি ছিল। আমাদের অগ্নিক্ষরা ইতিহাসের একটি অধ্যায় স্মরণ করার লক্য নিয়া উহার বাংলা তরজমা পেশ করা হইল। পুস্তকটি ১৮৫৭ সনের মৃক্তি সংগ্রামের একটি অত্যন্ত নির্ভরযোগ্য দলীল। স্তরাং বাংলা ভাষায় ইহার প্রয়োজনীয়তা অনস্বীকার্য।

– मूरिछेफीन थान ।।

http://islamerboi.wordpress.com/

#### ।। প्रवस कक्रगास्य व्यासार्व नार्स ।।

DESTRUCTION

আমার সমস্ত প্রশংসাবাদ সেই শক্তির উদ্দেশ্যে যাহার সকাশে কোন প্রকার আকাংখ্যা ব্যতীতই সকল বিপদ, সকল ছশ্চিন্তা, সকল ক্লান্তি ও সকল নৈরাশ্যের কবল হইতে মুক্তি লাভের স্থানিশ্চিত আশা রহিয়াছে। বিশেষতঃ যে ব্যক্তি তাঁহার মহান নামে তাঁহাকে আহ্বান করে, তাহাকে তিনি অভাবিতপূর্ব অনুগ্রহ বিতরণ করেন। সবিশেষ যদি কেহ অত্যাচারিত হইয়া তাহার শরণাপন্ন হয় বা ক্লগাবস্থায় তাঁহার প্রতি আকাংখার হস্ত প্রসারিত করে তবে তিনি সেই আকাংখা অবশ্যই পূরণ করিয়া থাকেন।

সালাম জানাই সেই পূতপবিত্র আত্মার প্রতি যিনি বহন করিয়। আনিয়া ছেন স্কুসংবাদ ও সাবধানবাণীর কথা। আরুর যাহার আগমনের থোশথবর শুনাইয়াছেন পূর্ববর্তী নবী-রস্থলগণ। বিগদমুক্তি, শক্রর ষড়যন্ত্রজাল হইতে আত্মরকা, সীমাহীন ছর্ভাগ্য এবং রোগ-শোকের কবল হইতে মুক্তি গাওয়ার ব্যাপারে অনেক গুনাইগারের পক্ষেও তাঁহার শাফায়াতের বিশেষ আশা রহিয়াছে।

সালাম জানাই তাঁহার পূতপবিত্র বংশধরগণের প্রতি আর তাঁহার সাহাবীগণের প্রতি—যাহারা ছিলেন অ্তুলনীয়, পরস্পরের প্রতি স্নেহ-মমতায় অন্থপম। বিশেষতঃ তাঁহার পবিত্রাস্থা সাহাবীগণের প্রতি সালাম। আল্লাহর রহমত ও বরকত তাঁহাদের প্রতি সেই পর্যন্ত অনবরত বৃষ্ঠিত হউক, যে পর্যন্ত আসমানের ফেরেশতাগণ তসবীহ পাঠ করিবে আর সমুদ্রের বৃকে ভাসিবে কিশ্তির বহর।

আমার এই পুস্তক এমন এক ভগ্নহৃদয়, নির্ধাতিত, নিপীড়িত ও আক্ষেপ-সর্বস্ব ব্যক্তির বিলাপ-লিপি, যাহার এখন সামাশুতম কট্ট সহা করার মতে। শক্তিও অবশিষ্ট নাই। এমতাবস্থায় সেই বিপদগ্রস্ত বান্দা তাহার মহান প্রতিপালকের নিকট মুক্তির আশা পোষণ করে, যে ব্যক্তি জীবনের প্রথম হইতে সর্বস্থাথ প্রতিপালিত হইয়া এমন জীবনের শেষ পর্যায়ে জুলুমের শিকারে পরিণত হইয়াছে। সে আজ চিরবন্দী, সর্বস্বাস্ত। এই বিপদএস্ত বান্দা এখন আল্লাহর মকবুল বান্দানের নেক দোয়ার অছিলায় এই অস্বাভা-বিক ছর্দশার কবল হইতে মুক্তি পাইতে চায়।

সত্যই আমি আ্রুক কল্পনাতীত তুর্দশায় পতিত এবং কুংসিং দর্শন জালিমদের হাতে বৃন্দী। এই জালিমরা আজ আমাকে সাধারণ ভদ্র-জনোচিত পোশাক হইতেও বঞ্চিত করিয়া সর্বপ্রকারে শারীরিক ও মান-সিক নির্বাতনের এক বিরামহীন মহড়ার শিকারে পরিণত করিয়াছে। হাঁ, আজ আমি জালিমদের অন্ধকারাচ্ছন্ন, সংকীর্ণ ও সর্প-সরীস্থপ সংকুল জিন্দানখানায় বন্দী।

ত্র-চিন্তান্ত্রস্ত ও তুংখ ভারাক্রান্ত-হাদয় বন্দী আমি। আমার সকল আশা আকাংখ্যা আজ অন্ধকারার নিষ্ঠুর প্রাচীর বেষ্টনীর মধ্যে মাথা ঠুকিয়া স্তব্ধ হইয়া গিয়াছে। এইসৰ হাদ্যহীন অসভ্য জালেমের আচার-ব্যবহার দেখিয়া মুক্তির আলো আর কোনদিন দেখিতে পাইব সে আর চিরতরে ছাড়িয়া দিয়াছি। তবে আল্লাহর অনন্ত অনুগ্রহ-সাগরের একবিন্দু বারিধারা হইতে আমি নিরাশ নই। রুগু, তুর্বল, শান্তি-প্রিয় এবং একজন সরল-সহজ মানুষ হওয়া সম্বেও আজ আমি তুরাত্মা জালিমের কারাগারে বন্দী। এইসব ছরাত্মা ও হীন প্রকৃতির লোকগুলির নিত্য-নূতন অত্যাচার-উৎপীড়নে মানসিক ভারসাম্য রকা করিতে অসমর্থ হইয়া পডিতেছি। আমি এমন বিপদের মধ্যে পতিত হইয়াছি যাহা কোন কল্পনাপ্রবণ ব্যক্তির পক্ষে কল্পনা করাও সম্ভব নয়। সত্য সত্যই আজ আমি পর্মুখাপেকী, কিংকর্তব্যবিমৃত। লালমুখ, কটাচকু সাদা চামড়া ও পিংগলবর্ণ কেশ বিশিষ্ট্র এইসব জালিমের হাতে পতিত হওয়ার পরই আমার কচিসন্মত পোশাক-পরিচ্ছদ খুলিরা লইয়া আমাকে খাটো, মোটা ও জঘন্য ধরনের পোশাক পরিধান করিতে দেওয়। হইয়াছে। কারাবন্দীর পোশাক পরিহিত অবস্থাতেই আমি শ্বাপদ বৃশ্চিকপূর্ণ অন্ধকার কারাগারের মধ্যে নিন্দিপ্ত ও তঃখ-কন্টের সীমাহীন এক প্রান্তরে শৃংখলিত। আজু আমি কর্তন্য বুদ্ধিহীন।

একমাত্র সর্বশক্তিমান আল্লাহ রাক্ষুল আলামীনের দরবারে আশার ছই বাছ প্রসারিত করিয়া রহিয়াছি। আজ আমি আমার আত্মীয়, বন্ধু ও প্রিয়জন-দের নিকট হইতে বহুদুরে।

মোকদমা বা আত্মপক্ত সমর্থন করার কোন প্রকার স্থযোগ না দিয়াই আমার সম্পর্কে এহেন নির্চুর সিদ্ধান্ত গ্রহণ করা হয়। পরিচিতি বন্ধুজন এমনকি অধীন সেবক শ্রেণীর সম্মুখেও আমি আজ চরমভাবে লাঞ্ছিত। অত্যাচার করিয়া আমার ছুইটি হাতই প্রায় বেকার ও ছুর্বল করিয়া দেওয়া হইয়াছে। একাকিজের জীবনে প্রতিমুহূর্তে পরিবার-পরিজন, জমভূমি ও বিষয়সম্পত্তির বেদনাময় স্মৃতির বিভ্ন্ননাই সার হইয়া দাঁড়াইয়াছে। সম্ভব অসম্ভব সকল প্রকার নিপীড়নের মধ্যে নিক্ষেপ করিয়া আমাকে ও আমার পরিজনকে নিস্তার দেওয়া হয় নাই। নির্চুর কারার অন্তরালে এমন কোন অত্যাচার নাই, যাহা আমার উপর একবার পরীক্ষা করিয়া দেখা হয় নাই। কেন আমার প্রতি এই উৎপীড়ন ? কিইবা আমার অপরাধ ? আমার একনাত্র অপরাধ, আমি একজন নিষ্ঠাবান মুসলিম। তত্বপরি লোকে আমাক একজন আলেম বলিয়া মনে করে। আর এলমেজীনের সহিত আমার আত্মার সম্পর্ক।

এই আচরণের গূ চূ তাংপর্য হইল, এই জালেমরা আমার প্রিয় জন্মভূমি হইতে এলেম ও এলমে-দ্বীনের শেষ চিহ্নটুকুও মুছিরা ফেলিতে চায়। দ্বীনের শিক্ষা ও প্রাচ্যের জ্ঞানভাণ্ডারকে ইহারা হীন প্রতিপন্ন করার জন্ম দৃঢ়প্রতিক্ত।

১৮৫৮ সালের সেই হৃদয়বিদারক ঘটনার পর হইতে সেই ঘটনার প্রতিক্রিয়ায় দেশের প্রতিটি সমৃদ্ধশালী জনপদ উজ্ঞাড় হইয়া গিয়াছে, মানুষের
উপর নামিয়া আসিয়াছে সীমাহীন ছঃখ-কপ্টের অনন্ত অভিশাপ। সেই
ঘটনার উত্তরফল হিসাবে এই দেশের সকল শ্রেণীর মানুষের ভাগ্যাকাশে
আসিয়া জমা হইয়াছে ছশ্চিন্তার মেঘ আর সেই মেঘ হইতে একের পর এক
বিপদের বজ্বরাশি পতিত হইতেছে সেই নিরীহু দেশবাসীরহ মাথায়।

তাহারই দক্ষন দেশের যাহার। শাসক ছিলেন তাঁহার। আজ পথের ফকির, আমীর আজ কাঙ্গাল, বাদশাহ গোলাম ও জনসাধারণ প্রমুখাপেকীতে, পরিণত হইয়া গিয়াছে।

এই দেশের ভাগ্যে ছঃখের এই কাহিনী গুরু হইয়াছে, হিংস্তুক বিধর্মী নাসারাদের এক গভীর কু-মতলবের পরিণতি হিসাবে। তাহারা এই দেশের শহর-বন্দর, মাঠ-ময়দান স্বকিছু দখল করার পরও এই দেশবাসীর প্রতি সীমাহীন বিদ্বেষে ফাটিয়া পড়িতে থাকে। এই দেশের প্রভাবশালী ও ক্মতাবান লোকদিগকে এক এক করিয়া এমন ভুদশার মধ্যে পতিত ক্রিতে শুরু করে, যাহাতে কুশাসন ও শোষণের বিরুদ্ধে সাধারণ একটু প্রতিবাদ জানাইবার জন্ম মাধা তুলিবার মতও আর কেহ অবশিষ্ঠ না থাকে। শেষ পর্যন্ত তাহারা এই দেশের ছোট-বড, আমীর-ফ্কির এবং শহর ও পল্লীর সকল লোককেই খুষ্টধর্মে দীন্দিত করিয়া তাহাদের সামাজ্যবাদী স্বার্থ চিরস্থায়ী করার এক হীন পরিকল্পনা গ্রহণ করে। ইহাদের ধারণা ছিল যে, এই দেশের নিরীহ অধিবাসীদিগকে এই ষড়যন্ত্র-জাল হইতে রক্ষা করার জন্য কেহই আগাইয়া আসিবে না। স্বতরাং সরলভাবে তাহাদের সেই ষড়যন্ত্র জালে ধরা দেওয়ার পরিবর্তে কেহই অবাধ্যতা প্রকাশ করিতে সাহসই করিবে না। সামাজ্যবাদী স্বার্থের খাতিরে এই দেশের সকল ধর্মাবলম্বীকে খৃষ্টধর্মের মাধ্যমে একটা মাত্র অনুগত জাতিতে পরিণত করাই ছিল উহাদের শেষ লক্ষ্য। তাহারা খুব ভালভাবেই এই কথা অনুধাবন করিতে সমর্থ হইয়াছিল যে, এই দেশবাসীর ধর্মীয় বোধ এবং এই নতুন শাসক শ্রেণীর ধর্মীয় বোধের মধ্যে যে পার্থক্য বিভাষান তাহা সামাজ্যবাদী শক্তির সহিত সংঘর্ষ অনিবার্শ করিয়া তুলিবে এবং অবশেষে সে সংঘর্ষ বিপ্লবাশ্বক সংগ্রামে পরিণত হুইবে। ইহা উপলব্ধি করিয়া শাসক শ্রেণী সর্বপ্রকার ধর্মীয় চেতনার বিল্পপ্তি সাধন করার জন্ম নানা প্রকার জঘন্ম কার্যকলাপে লিপ্ত হয়। উহারা প্রাপ্তবয় স্কদের মধ্যে শিক্ষা বিস্তার এবং শিশুশিকার নামে সাম্রাজ্যবাদীদের ভাষা ও তম-দুন শিক্ষাদানের জন্য অসংখ্য মিশনারী বিদ্যালয় প্রতিষ্ঠিত করিতে শুরু করে। আর সঙ্গে সঙ্গে এই দেশের প্রাচীন মক্তব, মাদ্রাস্য এবং অক্সাস্থ বিভালয়-গুলি ধবংস করার কার্যে প্রকাশ্যে ও গোপনে নানা প্রচেষ্ট্য চালাইয়া ঘাইতে থাকে।

শিক্ষা ও তমদ্দুনের ক্ষেত্রে উপরোক্ত নির্যাতনমূলক ব্যবস্থা গ্রহণের পর অর্থনৈতিক মেরুদণ্ড চিরদিনের জন্ম ভাঙ্গিয়া ফেলিবার উদ্দেশ্যে কুষিজাত প্র্যা উৎপাদনকারী দেশীয় চাষীদের নিক্ট হইতে তাহাদের উৎপাদিত দ্রব্য বাধ্যতামূলকভাবে খরিদ করিয়া সামাজ্যবাদীদের দ্বারা নিযুক্ত মওজুদ্দার্দের হাতে তুলিয়া দেওয়ার ব্যবস্থাও করে তাহারা। ফলে খাদ্যশ্স্য ও নিত্য-প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য নিয়ন্ত্রণ ও ইচ্ছামত মূল্য আদায় করার এক-চেটিয়া স্থযোগ-স্থবিধা মওজুদদারদের হাতে চলিগ্রায়। নিরুপায় দেশ-বাসী যাহাতে সাম্রাজ্যবাদী শক্তির পদতলেই আশ্রয় ভিকা চায় সেই অসগ্রন্দেশ্যই উপরোক্ত ব্যবস্থার পশ্চাতে ক্রিয়া করিতেছিল। খাদ্যাভাবে নিপ্পিষ্ট জনসাধারণ যা ্রতে শেষ পর্যন্ত খুষ্টান ধর্মাবলন্ধী ও তাহাদের অনু-চরদের যেকোন নির্দেশ মান্য করে এবং তাহাদের যেকোন অস্তায় অভি-লাষের সম্মুখে সম্পূর্ণ পরাভব স্বীকার করিতে রাজী হয় এই ছিল নতুন শানক শক্তির তুরভিসন্ধি। উপরোক্ত হীন পন্থাসমূহ অবলম্বন করা ব্যতি-রেকেও তাহাদের অন্তরে আরে। বহু কু-মতলব লুকায়িত ছিল। যেমন মুসলমানদিগকে তাহার। খত্না করাতে নিষেধ করে। পর্দানশীন শরীফ যেনানাগণকে বেপদ্য ও বেহায়া করিয়া তোলার জন্য নানা ধরনের প্রভাব বিস্তার এবং সর্কারী চাপ প্রয়োগ প্রভৃতি সমস্ক প্রকার পন্থা অবলম্বন এইভাবে দ্বীনের প্রত্যেক্টি হুকুম-আহকাম গুরুত্বহীন করিয়া প্রদর্শনের চেষ্টা চলিতে থাকে।

খৃষ্টান শাসক শ্রেণী সর্বপ্রথম সৈত্যবাহিনীর মধ্যে কাজ শুরু করে। এই দেশবাসী হিন্দু-মুসলিম সৈনিকদিগকে তাহাদের স্বকীয় আচার-আচরণ, ধর্মকর্ম এবং ধর্মীয় বিশ্বাস হুইতে দূরে সরাইতে নানা পন্থা অবলন্ধন করে।

কর্তৃপক্ষের ধারণ। ছিল এই যে, দেশের সাহসী বীর সৈতবাহিনীকে যদি তাহারা নানা প্রকার কলা-কৌশলের মাধ্যমে খুষ্টধর্মে দীক্ষিত করিয়া ফেলিতে সমর্থ হয়, তাহা হইলে দেশের সাধারণ মাতুষকে বল প্রয়োগের দারাই ধর্মা রবিত করা সহজ হইয়া ঘাইবে। সরকারী শান্তির ভয়ে এই ব্যাপারে আর কেহ কোন উচ্চবাচ্য করিতেও সাহদী হইবে না। সর্ব-প্রথম তাহারা হিন্দু সৈভবাহিনীতে—যাহারা ছিল সংখ্যায় অধিক; তাহাদের খাদ্যতালিকায় গ্রুর চবি এবং স্বল্পংখ্যক মুনলিম সৈত্যের জন্যে শুকরের চবি প্রচলন করার জন্য তোড় জোড় শুরু করে। এই লজাকর হঠকারিতার ফলে উভয় সম্প্রদায়ের সৈন্যদের মধ্যে বিক্ষোভ দেখা দেয়। তাহারা নিজ নিজ ধর্মবিশ্বাসের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করতঃ সরকারী আসুগত্য পরিত্যাগ করিতে শুরু করে। বিক্ষোভ ধীরে ধীরে বিদ্রোহের আকার ধারণ করিতে থাকে। কোন কোন স্থানে সৈন্যবাহিনীর উচ্চ-পদস্থ খুষ্টান কর্মচারী হত্যা, বিশ্বিপ্তভাবে আক্রমণ, সরকারী ভাণ্ডার লুগ্ঠন, বেপরোরা আচরণ প্রভৃতি নানারূপ বিদ্যোহের বহিঃপ্রকাশ ঘটিতে শুরু করিল। উচ্চপদস্থ ইংরেজ কর্মচারীদিগকে সপরিবারে হত্য। এমনকি শেষ পর্যস্ত স্ব-স্ব ছাউনি আক্রমণ করিয়া তাহারা চতুদিকে বিদ্রোহের আগুন দাবানলের ন্যায় ছডাইয়া দিতে লাগিল। অতি অল্প সময়ের মধ্যে স্ব-স্ব ছাউনি ছারখার করিয়া তাহারা শহর-বন্দরে চলিয়া আসিল। বিদোহী সৈন্যদের বেপরোয়া চলাফেরার ফলে দেশের শাসন-ব্যবস্থা ভাঙ্গিয়া পড়িল। শহর-বন্দর ছাড়াইয়া সুদুর পল্লী অঞ্চল পর্যন্ত সর্বত্র অশান্তির আগুন বিস্তৃত হইল। এই সুযোগে দেশের চূফ্তিকারী শ্রেণী বিশেষ তৎপর হইয়া উঠিল। দেশময় গুধুমাত্র দাঙ্গা-হাঙ্গামা ছাড়া আর কিছুই অবশিষ্ট রহিল না।

বিজোহী সৈন্যবাহিনীর অনেকেই মোগল বাদশাহদের কর্মকেন্দ্র স্থবিখ্যাত দিল্লী নগরীতে ঘাইয়া উপস্থিত হইল। সেইখানে তাহারা এমন এক ব্যক্তিকে তাহাদের নেতা বলিয়া ঘোষণা করিল, যে ব্যক্তি ইতিপূর্বেও তাহাদের বাদশাহ ছিলেন। তখন পর্যন্ত তাহার নামেমাত্র বাদশাহীর

অস্তিত বিদ্যমান ছিল। এমন্কি তাঁহার উদ্ধিরসভা, আমির উমার। প্রভৃতি স্বকিছুরুই অন্তিম্ব ছিল। কিন্তু তিনি স্বয়ং ছিলেন গুর্বল, ভগ্নহাদয় এবং সম্পূর্ণ অনভিজ্ঞ। এতদ্বাতীত জীবনচক্রযানে অনেকগুলি মঞ্জিল পাড়ি দিয়া তিনি বার্ধকোর প্রান্তদেশে আসিয়া পৌছিয়াছিলেন। ততুপরি প্রকৃতপক্ষে তিনি শাননকর্তা ছিলেন না, তাঁহার তরলমতী স্ত্রী ও ষড্যন্ত্র-কারী উজ্জিরের শালনাধীন ছিলেন মাত্র। তাঁহার এই উজির ছিলেন প্রকৃতপক্ষে ইংরেজ না ারাদের উৎকোচভোগী চর। বাদশাহের প্রতি কোন প্রকার আনুগতাই উদ্ধিরের অন্তরে ছিল না। উপরম্ভ গোপন মনিব ইংরেজ্ব দের প্ররোচনা প্রভাবিত এই উজির ছিলেন দেশের স্বাধী-নতা প্রিয় জনগণের প্রথম শ্রেণীর শক্ত। দিল্লীর এই শাসনকর্তার পরিবারস্থ অভাত লোকদের অবহাও অতন্ত ছিল না। উহাদের মধ্যে কেহ কেহ বাদশার অত্যন্ত প্রিয়পাত্রও ছিল। কিন্তু উহাদের প্রধান বৈশিষ্ট্য ছিল মূর্থ তা, অকর্মণ্যতা এবং ষড়যন্ত্রকারীরূপে। তাহারা যদুচ্ছা কাঞ্চ করিত। প্রবৃত্তির তাড়না ব্যতীত তা হারা কোন দিদ্ধান্তই প্রহণ করিত না। কিন্তু মুখে মুখে সকলেই বাদশাহের আমুগতের নামে গদগদ হইয়া পড়িত। কিন্তু এই সমস্ত বুঝিবার ক্ষমতাও বাদশাহের ছিল না। তিনি এত অনভিজ্ঞ ছিলেন যে, নিজের বৃদ্ধিতে কোন সাধারণ বিষয়ের সিদ্ধান্তও গ্রহণ করার মত শক্তি তাঁহার ছিল না। নীরবে কতিপয় ষড়যন্ত্রকারীর ক্রীড়নকের ভূমিকা পালন করা ছাড়া অন্য কিছু করা তাঁহার সাধ্যাতীত ছিল। কাহাকেও নির্দেশ প্রদান কিংবা শাসনকার্য পরিচালনার ক্ষমতা তাঁহার আদৌ ছিল না। এইরূপ শোচনীয় অবস্থার মধ্যে দেশের বিভিন্ন অঞ্চল হইতে একদল সাধকশ্রেণীর আলেম জেহাদের ফতওয়া প্রচার করিলেন। তাঁহারা যেমন আলেম ও সাধক ছিলেন, তেমনি ছিলেন নির্ভীক সংগ্রামী পুরুষ। ফতওয়া প্রচার করিয়া তাঁহারা দিল্লীতে আসিয়া সমবেত হইলেন। পূর্বের জেহাদী আন্দোলনের সঙ্গে যে সমস্ত নিষ্ঠাবান বীর যুক্ত ছিলেন তাঁহারাও সেই সঙ্গে আসিলেন। এই সময় দিল্লীর অনভিজ্ঞ শাসনকর্তা সাধক আলেম ও বীর মোজাহেদ বাহিনীর প্রতি দৃষ্টিপাত না করিয়া

তাঁহার পরিবারের কতিপয় মূর্য, কাপুরুষ ও বিশাসঘাতক নির্বোধ শ্রেণীর লোককে সৈত্যবাহিনীর সর্বময় কতৃতি দান করিয়া বসিলেন। এই সমস্ত নিকৃষ্ট শ্রেণীর লোক প্রকৃত ধর্মভীক সাহসী ও নিষ্ঠাবান লোকদিগকে দেখিয়া আতন্ধিত হইয়া পড়িল।

এই তথাকথিত সেনানায়কর। যুদ্ধ কাহাকে বলে তাহাও জানিত না;
অস্ত্র চালনা বা শক্রর মোকাবেলা করার কোন অভিজ্ঞতাই তাহাদের ছিল
না। তাহারা কাণ্ডজ্ঞানহীন নীচ প্রকৃতির লোকদিগকে তাহাদের পরামর্শদাতা ও মোসাহেবরূপে গ্রহণ করিল। বস্তুতঃপক্ষে তাহারা সংগ্রাম পরিচালনার পরিবর্তে আরাম-আয়েশ, ভোগ-বিলাস ও নানা প্রকার ইতরোচিত
পাপান্তুষ্ঠানে নিমগ্র হইল।

পূর্বে তাহারা দারিদ্রোর মধ্যে জীবন-যাপন করিতেছিল। এই সুযোগে হঠাৎ তাহাদের হাতে প্রচুর সম্পদ আসিয়া জমা হইতে লাগিল। সম্পদ হাতে পাইয়াই উহার। ভোগ-বিলাসের মধ্যে ডুবিয়া গেল। দেশবাসী তাহাদিগকে সংগ্রামের জন্ম অর্থ প্রদান করিয়াছিল। কোন কোন স্থান হইতে তাহারা সংগ্রামের নাম করিয়া বলপুর্বক অর্থও আদায় করিতে থাকে। কিন্তু এই অর্থের এক কপর্দকও উহার। অস্ত্র ক্রয় অথবা মুক্তি-যোদ্ধাদের মধ্যে বায় করিত না। যাহাই হাতে পাইত, নিজেরা গ্রাস করিত। শুধু তাহাই নয়, ব্যাভিচারিণী নারীর সংসর্গ ও বাঈজীদের মোহে তাহারা সৈজবাহিনীর দায়িজ তুলিয়া বাহাজ্ঞান বিলুপ্ত হইয়া পড়িয়া থাকিত। রাত্রিকালে কোথাও সৈন্স পরিচালনার প্রয়োজন উপস্থিত হইলে সেনাপতির খেঁজি পডিত আর সেনাপতি পুংগব হয়ত তখন কোন নর্তকীর বিলোল নেত্রের সুধাপানে নিমগ্ন থাকিতেন। বাদ্যযন্ত্রের আওয়াজ ও ভোগ-বিলাসের মোহে অনেক সময়ই তাহারা সৈভবাহিনী হইতে বিচ্ছিন্ন হইয়। পডিতেন। সর্বোপরি, উহাদের কাপুরুষস্থলভ সন্ধিশ্বতা এবং ইতরজনোচিত মানলিকতার ফলে সুদক্ষ সৈস্থবাহিনীর মধ্যেও উদ্যম ও দৃঢত। সৃষ্টি হুইতে পারিল না। এমনিভাবে সেনাবাহিনীর

বর্ণস্থারে হতাশা, উভমহীনতা এবং চাপা বিক্ষোভ ধীরে ধীরে পুঞ্জিভূত হইতে থাকে। মোসাহেব প্রকৃতির নীচ শ্রেণীর পরামর্শদাতাদের প্ররোচনায় কর্ণপাত করিয়া তাহার। গোটা সৈন্যবাহিনীকেই হীনবীর্য করিয়া তোলেন। অনুপযুক্ত অথর্বের হস্তে গুরুত্বপূর্ণ কাজের দায়িত্ব অপিত হইলে এবং ছর্বলের মাথায় বড় কোন বোঝা চাপাইয়া দিলে তাহার পরিণাম বৃঝি এমনই হইয়া থাকে। দিল্লীর তথাক্থিত সেই সেনাপতি মহোদয়েরা রাত্রি অতিবাহিত করিতেন নেশাগ্রন্ত হইয়া আর দিবাভাগে পড়িয়া থাকিতেন মদালস হইয়া। কখনও একটু চৈতন্য উদয় হইলেও কিংকর্তব্যবিদ্দের ন্যায় ছুটাছুটি করা ছাড়া তাহারা আর কিছুই করিতে পারিত্ন না।

এই পরিস্থিতির মধ্যেই নাসারাদের সৈন্যবাহিনী আসিয়। রাজধানীর উপকঠে আক্রমণ শুক্ত করিল। একটি উচ্চ পর্বতশীর্ষে সৈন্যবাহিনী স্থাপন করিয়। তাহারা শহরের চারিদিকে পরিখা খনন করতঃ অবরোধ গড়িয়া তুলিতে সচেপ্ট হইল। পাহাড়ের প্রত্যেকটি টিলার উপরে তোপ এবং প্রস্তর নিক্ষেপণযন্ত্র স্থাপন করিয়। তাহারা শহরের দিকে বেপরোয়া গোলাবর্ষণ করিতে শুক্ত করিল। এই তীব্র আক্রমণ দেখিয়া মনে হইতেছিল খেন প্রচণ্ড বিত্যুৎচমকের সঙ্গে সঙ্গে বজ্বপাত এবং আকাশের নক্ষতরাজি শহরের বাড়িঘরের উপর সবেগে আসিয়া পতিত হইতেছে।

অপরপক্ষে দেশী সৈন্যবাহিনী ছিল বিভিন্ন দল-উপদলে বিভক্ত। অনেক দলেই কোন প্রকার নেতৃত্ব ছিল না। অনেকের মাথা গুঁজিবার মত স্থানটুকুও ছিল না। কোন কোন বাহিনী খাদ্যাভাবে মৃতকল্প হইয়া পড়িয়াছিল। কিছু কিছু লোক সামান্য লুষ্ঠিত সম্পদ হাতে পাইয়াই নিস্কিয় হইয়া পড়িয়াছিল। অনেকেই অনিশ্চয়তার মধ্যে না থাকিয়া ভয়ে পলায়ন করিতে শুক্ত করিয়াছিল। কিছু সংখ্যক সৈন্য চরিত্রহীন পতিতাদিগকে নিজেদের মধ্যে ভাগবাটোয়ারা করিয়া লইবার কার্যে ব্যস্ত হইয়া পড়িয়াছিল। তথাক্ষিত অভিজ্ঞাত সন্তান্গণের মধ্যে আনেকেই

যুদ্ধের মোটা পোশাক পরিধান করিয়া সৈহাবাহিনীতে কাজ করা আভি-ভাত্যের পরিপন্থী মনে করিয়া দূরে সরিয়া দাঁড়াইল। নাসারাদের সঙ্গে বীরত্ব ও নিষ্ঠার সহিত লড়িয়া যাইতে লাগিলেন একটিমাত্র অপেকাকৃত কুদ্রদল, ইঁহারা ছিলেন প্রকৃত মুজাহেদ বাহিনীর লোক। এই অপেকারত ক্ষুদ্র মুজাহেদ বাহিনীর সঙ্গে যুদ্ধ করিয়াই নালারা ইংরেজ বাহিনীর প্যুদিস্ত হইবার উপক্রম হইল। তাহারা তখন পূর্বদেশীয় হিন্দু সম্প্রদায়ের নিকট সৈত্য সাহায্য চাহিয়া পাাইল। হিন্দুরা অতি জভতার সহিত তাহাদিগকে উপযুপিরি সৈতা ও অস্ত্র পাহিতে লাগিলেন। এই নৃতন সাহায্যে বলীয়ান হইয়া নাসারা বাহিনী পুনরায় তীত্র আক্রমণ আরম্ভ করিল। অল্পদিনের মধ্যে পর্বতোপরিস্থিত ইষ্টান শিবিরে প্রচুর অস্ত্র, রসদ এবং সৈন্য আসিয়া সমবেত হইল। তাহাদের মধ্যে লালমুখো ইংরেজ হুইতে শুরু করিয়া নিকৃষ্ট ও নীচশ্রেণীর হি বু ভাড়াটিয়া সৈহা পর্যন্ত সর্বশ্রেণীর মানুষই দৃষ্টিগোচর হুইত। এমনকি তাহাদের মধ্যে কিছু সংখ্যক দ্বীন-ঈমান বিক্রয়কারী হতভাগ্য মুসলমান নামধারী লোকও শামিল ছিল। তাহারা মাত্র কয়েকটি মুদ্রার বিনিময়ে নানারাদের হাতে তাহাদের দ্বীন-**ঈমানরূপ অমূল্য সম্পদ বিক্রয় করিয়া ব**সিয়াছি**ল**।

শহর দিল্লীর কিছুসংখ্যক বিশিষ্ট লোকও নানা প্রলোভনের বশবর্তী হইয়া খ্রীষ্টানদের প্রতি অন্তরক্ত হইয়া পড়িয়াছিল। দেশের হিন্দু প্রজারা মুসলমানদের অধিকাংশ লড়াইয়ে আজনিয়োগ করিয়াছিল। কিন্তু একটি দল খ্রীষ্টান ছশমনদের এতদূর অন্তরক্ত হইয়াছিল যে, দেশীয় সৈক্তদের ধ্বংস সাধন এবং সংগ্রামী মুজাহেদ বাহিনীর সর্বনাশ সাধনের জন্ম যে কোন হীনপন্থা অবলম্বন করিতেও তাহারা কুন্ঠিত ছিল না। বিশেষতঃ মুজাহেদ বাহিনী এবং দেশীয় ফৌজের মধ্যে শক্রতার অগ্নি প্রজ্বলিত করাই তাহাদের স্বাপেকা প্রিয় কর্ম হইয়া দাঁড়াইয়াছিল।

এই সমস্ত আভ্যন্তরীণ ছর্বলতার স্কুযোগ লইয়াই ইংরেজ সৈত্যগণ বেপরোয়াভাবে শহরের বিভিন্ন প্রবেশপথে আক্রমণ শুরু করিল। নগর-

20

প্রাকারের কোথায় একটু ফাটল রহিয়াছে, কোথায় রক্ষাব্যবস্থা তুর্বল এই সমস্ত খবরই তাহাদের পোঁছান হইত। কিন্তু দেশীয় সৈন্যের একটি বিশিষ্ট দল মূজাহেদ বাহিনী অত্যন্ত বীরত্বের সহিত আক্রমণ প্রতিরোধ ও প্রতি-আক্রমণ পরিচালনা করিয়া ঘাইতেছিলেন। দিবারাত্রি অশ্বারোহী এবং পদাতিকসৈন্যগণ বীরত্বের সঙ্গে লড়াই করিয়া ঘাইতে লাগিলেন। দীর্ঘ চারি মাসকাল ভীষণ যুদ্ধ চলিতে থাকিল, কিন্তু বিপুল সংখ্যক সৈন্য এবং যুদ্ধসামগ্রী থাকা সম্বেও শক্ররা শহরে প্রবিশ করিতে সমর্থ হইল না। শক্ররা যখনই একপদ অগ্রসর হইত, মূজাহেদ বাহিনী প্রবল বিক্রমের সহিত তাহাদিগকে পশ্চাদপসরণ করিতে বাধ্য ক্রিত। তাহারা যখনই আক্রমণ করিতে আসিত প্রতি-আক্রমণের দ্বারা তাহাদের উদ্দেশ্য ব্যর্থ করিয়া দেওয়া হইত।

বীর ও বিচক্ষণ মুজাহেদ বাহিনীর লোকেরা অত্যন্ত দুরদূহির সঙ্গে আক্রমণ প্রতি-আক্রমণের মোকাবেলা করিতেছিলেন, কোন আক্রমণের মুখেই তাঁহারা পশ্চাৎপদ হইতেন না। বরং অগ্রবর্তী হইয়া যুদ্ধে অংশ গ্রহণ করিতেছিলেন। কিন্তু অনেকের পক্ষেই যুদ্ধে বীরের ন্যায় শহীদ হওয়া ছাড়া গত্যন্তর ছিল না। অবশ্য আল্লাহ পাক সংক্ষণীলদিগকে অফুরস্ত নেয়ামত দান করিবেন বলিয়া ওয়ালা দিয়াছেন।

এইভাবে মুজাহেদ বাহিনীর আয়তন ক্ষুদ্র হইতে ক্ষতর হইতে লাগিল। শহরবাদীর অসহযোগিতা এবং তথাক্তিত শাসন কতৃ পক্ষের অযোগ্যতা ও উদাসীন্যের ফলে হতাশাবি শিষ্ঠ মুজাহেদ বাহিনীর পক্ষে নিদারণ খাদ্যাভাবের কবল হইতে জীবন রক্ষা করাই দায় হইয়া পড়িল। কুৎপীপালায় কাতর হইয়া তাঁহারা সারাদিন যুদ্ধের ময়দানে অতিবাহিত করিতেন এবং অভুক্ত অবস্থায়ই রাত্রিবেলা যত্রতত্র শুইয়া কাটাইয়া দিতেন। পুনরায় সকালে উঠিয়া যুদ্ধের ময়দানে ঝাঁপাইয়া পড়িতেন। তাঁহাদের বীর্ত্বের ফলেই তথনও পর্যন্ত শহরের সীমান্ত রন্ধিত হইয়া আসিতেছিল। চতুর শক্ষ সৈন্যবাহিনীর গতিবিধির প্রতিও তাঁহারাই

বিচক্ষণতার সহিত লক্ষ্য রাখিতেন। কিন্তু এমন সময়ে তুর্ভাগ্যক্রমে একটি মারাত্মক ধরনের বিপর্যয় দেখা দিল। একদা রাত্রিবেলা শক্রু শিবিরের নিকটবর্তী একটি গুরুত্বপূর্ণ পথে একদল অকর্মণ্য নির্বোধ ও চরিত্রহীন সৈন্য মোতায়েন করা হয়। সরকারী সৈন্যদের উপর মুজাহেদ বাহিনীর কোন কর্তুত্বই ছিল না। তাহাদের গতিবিধি সম্পর্কে মুজাহেদদের কোন প্রকার পরামর্শও প্রহণ করা হইত না। স্কুতরাং এই গুরুত্বপূর্ণ গিরিসংকটের মুখে কাহাদের নিযুক্ত করা হইল সেই সম্পর্কে মুজাহেদগেণ কোন খবরই জানিতে পারিলেন না। রাত্রি ঘনাইয়া আসার সঙ্গে সঙ্গে সেই সৈন্যবাহিনী অস্ত্রশস্ত্র রাখিয়া আরামে নিজা যাইতে লাগিল। শক্রবাহিনী এই স্কুবর্ণ স্থযোগের পূর্ণ সদ্ধ্যবহার করিল। নিশিতের অন্ধকারে আক্রমণ চালাইয়া তাহারা সরকারী সৈন্যবাহিনীকে সম্পূর্ণরূপে পর্যুদ্তে করিয়া ফেলিল।

এই গুরুত্বপূর্ণ গিরিসংকটটি দখল করার পর ইংরেজ সৈন্যবাহিনী শহরের অনেকটা নিকটে আসিয়া গোঁছিতে সমর্থ হইল। তাহারা শহরের নিকটতম পর্বতটিলাগুলিতে কামান ও প্রস্তর নিকেপণ যন্ত্র স্থাপন করিয়া শহরের ভিতরে প্রচণ্ডবেগে গোলাগুলি ও প্রস্তর নিকেপ করিতে গুরুকরিল। দিবারাত্রি চব্বিশ ঘন্টা বৃষ্টিধারার ন্যায় শহরের ভিতর গোলাবারুদ নিক্ষিপ্ত হইতে লাগিল। ফলে, নগররকী প্রাচীরের স্থানে স্থানে বড় বড় ফাটলের স্থাই হইল। প্রবেশপথের বুর্জ ও মিনার ভাঙ্গিয়া পড়িল। এইবার আশার শেষ আলোটুকুও যেন নিভিয়া গেল। প্রাচীর ভাঙ্গিয়া পড়ার ফলে দেশী সৈন্যদের পকে চলাকেরা পর্যন্ত অনন্তর হইয়া পড়িল। ভগ্ন প্রাচীরের অপর পার্শ্বে কি হইতেছে তাহা উ কি মারিয়া দেখিবার ক্ষমতা পর্যন্ত কাহারও ছিল না। কেহ এইরূপ হুঃসাহস করিয়া অগ্রসর হইলে সঙ্গে সঙ্গেলবিদ্ধ হইয়া প্রাচীর সংলগ্ন গভীর খাদে পতিত হইত।

এই নাজুক অবহার মধ্যে ইংরেজ নাসারাগণ একটি নতুন চাল

চালিল ৷ এককল সৈন্য তাহারা আক্রমণ-ভাগ হইতে সরাইয়া শহরের-অন্য এক দরজার সম্মুখে নিয়া সমবেত করিল। মুজাহেদগণ মনে করিলেন যে, ইংরেজর। আক্রমণের গতি পরিবর্তন করিয়াছে। এইরূপ অনুমান করিয়াই মুজাহেদগণ কল্পিত নতুন আক্রমণ পথের দিকে চলিয়া গেলেন। এইদিকে মূল যুদ্ধক্ষেত্রে খ্রীষ্টানরা ভগ্ন প্রাচীর ও বুর্জের ফার্টল পথে বিনা-বাধায় শহরে প্রবেশ করিতে সমর্থ হইল। শহরে তাহারা তাহাদের গোপন সাহায্যকারী চরদের বাডীতে যাইয়া আত্রয় গ্রহণ করিল। চরেরা অতি ক্রততার সঙ্গে শত্রুসৈন্যাধের আত্রয় ও রসদের ব্যবস্থা করিয়া ফেলিল। উহাদিগকে উত্তম খাদ্য পরিবেশন করা হইল এবং সর্বপ্রকার প্রয়োজনীয় দ্ব্যাদি সরবরাহ করা হইল । প্রত্যেকের বাডীতে ফটক বন্ধ করতঃ দেয়াল ছিজ করিয়া তমধ্যে আগ্নেয়াজের নল স্থাপন করা হইল। মুজাহেদ বাহিনীর প্রতিরোধ আক্রমণের মোকাবেলা করার জন্য সর্বপ্রকার নিরাপদ ব্যবস্থাই তাহার। অতি ক্রততার দঙ্গে সমাপ্ত করিয়া ফেলিল। ইহার পর মুজাহেদ বাহিনীর কোন লোক এমনকি শহরবাসী কোন সাধারণ লোকও তাহাদের অস্ত্রের সম্মুখ দিয়া অতিক্রম করার কালে বেপরোয়া . গুলিবর্ষণের মুখে পড়িত। কিন্তু এতদদ্বেও তাহারা এক প্রকার অবরুদ্ধ জীবনই যাপন করিতেছিল ৷ বাহিরে আাসিবার কোন পথই তাদের জন্য খোলা ছিল না ৷ আশ্রয় শিবিরগুলি হইতে বাহির হওয়ার সঙ্গে সঙ্গেই তাহার। ধরা পড়িত এবং জনসাধারণের হক্তে নিহত হইত। এইজন্য তাহার। আত্মগোপন করিয়াই দিন কাটাইতেছিল। কিন্তু শহরের বাহির হইতে সর্বদা অবিরতভাবে তাদের নিকট সাহায্য আসিয়া পোঁছিতে লাগিল। শহরের অমুদালিম অধিবানীরাও গোপনে আজ-গোপনকারী শক্রসৈন্য দিগকে নাহায়। করিয়া যাইতেছিল।

এই পরিস্থিতির ফলে ধীরে ধীরে মুজাহেদ বাহিনীর সম্মুখে সংকট বৃদ্ধি পাইয়া চলিল। শহরের কোন স্থানেই মুজাহেদদের জন্য কোন নিরাপদ আশ্রয় অবশিষ্ঠ রহিল না। সর্বত্রই ষড়যন্ত্রকারী শত্রুর চরেরা

যুরিয়া বেড়াইতেছিল। শহরের শাসন-ব্যবস্থা সম্পূর্ণরূপে ভাঙ্গিয়া পড়িয়াছিল। দেশের শাসনকর্তা বলিয়া পরিচিত বুদ্ধ বাদশাহ তাঁহার প্রাসাদ ছাড়িয়া তিন মাইল দুরবর্তী ছমায়ুনের মাকবারায় যাইয়া আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। প্রকৃত প্রস্তাবে বৃদ্ধ বাদশাহের নিজস্ব কোন মতা-মত ছিল না। তিনি তাঁহার বিশাস্ঘাতক উদ্ধির এবং তর্লমতি বেগমের হাতে ক্রীডনকের ভূমিকা প্রালন করিতেছিলেন মাত্র। তুরাত্মা উজির বাদশাকে এইরূপ বুঝাইতে সক্ষম হইয়াছিল যে, ইংরেজগণ শহর জয় করিয়া লইলেও তাঁহার মর্যাদার কোনই হানি হইবে না। শেষ পর্যন্ত ইংরেজরা তাঁহাকেই দিল্লীর শাহানশাহ বলিয়া স্বীকার করিয়া লইবে। সরলপ্রাণ বৃদ্ধ বাদশাহ বিশ্বাসঘাতকদের সেই কথাতেই আস্থা স্থাপন করিয়া নিশ্চিন্ত রহিলেন। বাদশাহের পিছনে পিছনে দরবারের আমীর-উমারা এবং বিশিষ্ট ব্যক্তিগ্রণ সকলের বাডিঘর, ধন-সম্পদ ও আসবাবপত্র নবকিছু ত্যাগ করিয়া হুমায়ুনের মাকবারায় আসিয়া আত্রয় গ্রহণ করিলেন। বিশিষ্ট ব্যক্তিদের প্রায় সকলেই বাড়িঘর ত্যাগ করিয়া চলিয়া যাওয়ার ফলে শহরের সাধারণ অধিবাদীদের মনোবল স্বাভাবিকভাবেই ভাঙ্গিয়া পড়িল, ভীতসম্ভস্ত জনসাধারণও ভ্রুত ঘরবাড়ি ছাডিয়া পলায়ন করিতে শুরু করিল।

এইভাবে শহর এক প্রকার জনশূন্য হইয়া যাইবার পর ইংরেজ সৈন্যরা দ্রুত যাইয়া পরিত্যক্ত বাড়িঘরে প্রবেশ করিতে শুক্ত করিল। তাহারা এই শূন্যপ্রায় শহরটিতে প্রাণ ভরিয়া লুটপাট করিয়া ফিরিতে লাগিল। শিশু, নারী ও বৃদ্ধদের মধ্যে যাহারা তখন পর্যন্ত অন্যত্র পলায়ন করিতে পারে নাই, তাহাদিগকে নিষ্ঠুর ইংরেজরা নিবিচারে হত্যা করিয়া যাইতে লাগিল। শহরে তখন এমন একজন সাহনী পুক্ষও অবশিষ্ঠ ছিলেন না, যিনি এই সীমাহীন নির্যাতনের সম্মুখে ক্লিকের জন্য হইলেও ক্রথিয়া দাঁড়াইতে পারেন।

অপরদিকে বিদ্রোহী সৈন্যদের কিছু সংখ্যক পরিস্থিতি নাজ্ক দেখিয়া

পুর্বাক্টেই সরিয়া পড়িয়াছিল। অবশিষ্ট বাহারা ছিল, তাহারা সংঘবদ্ধ ইংরেজ বাহিনী এবং বিপুল অস্ত্রসজ্জিত দেশীয় বিশ্বাসঘাতকদের সমুখে বেশী সময় তিটিতে পারিলেন না। অনেকেই ক্রমাগত যুদ্ধ করিতে করিতে ক্রান্ত ও প্রান্ত হইয়া পড়িয়াছিলেন।

এই সময় হিন্দু বানিয়। সম্প্রদায়, বাদশাহের বিশ্বাসঘাতক আমীর-উমারা এবং মুজাহেদ বাহিনীর শত্রুরা সন্মিলিতভাবে ষড়যন্ত্রজাল বিস্তার করিতে শুরু করিল। বেনিয়ারা শহরের সমস্ত মওজুদ খাদ্যশায় গুদামজাত করিয়া রাখিল। বাহির হইতে যে শস্য আমদানী হইত তাহাও বাধাগ্রস্ত হইল। এই ষড়যন্ত্রের ফলে মুজাহেদ বাহিনীর লোকজন এবং নগরবাসীগণ এক দারুণ সংকটের সম্মুখীন হইলেন। মুজাহেদ বাহিনী ও দেশপ্রেমিক শহরবাসীগণ দিনের পর দিন ক্মুধা-তৃষ্ণা প্রভৃতি নানা সংকটের কবলে পতিত হইয়া ক্রত ধ্বংসের পথে অগ্রসর হইতে লাগিলেন। এই সংকটের মুখে কেইই তিষ্টিতে পারিলেন না। নিরুপায় হইয়া একে একে সকলেই পশ্চাতে হটিতে লাগিলেন। এই সংঘাগের পূর্ণ সদ্যবহার করিয়াই ইংরেজ নাসারা বাহিনী শহরের প্রাচীর ও তোরণগুলি ধ্বংস করিয়া ফেলিল এবং বন্যার স্ত্রোতের ন্যায় শহরে প্রবেশ করিতে শুরু করিল। শেষ পর্যন্ত সম্পূর্ণ অরক্ষিত অবস্থায় নাসারাদের হাতে দিল্লীর পতন হইল।

এই সংকটজনক সময়ে আমার পরিবার-পরিজনের অনেকেই দিল্লীতে অবস্থান করিতেছিলেন। তাঁহারা কিংকর্তবাবিমৃঢ় হইয়া আমাকে ডাকিয়া পাঠাইলেন। দিল্লীবানীদের বেশকিছু সংখ্যক লোক এই সময় আমার পরামর্শ গ্রহণের প্রয়োজন অন্তব করিতেছিলেন। আমিও দাফল্যের আশা লইয়া দিল্লীতে যাইয়া উপস্থিত হইলাম। কিন্তু যাহা কিছু হওয়ার ছিল, পূর্বেই হইয়া গিয়াছিল। আমি দিল্লী পৌছিয়া সর্বপ্রথম পরিবার-পরিজনের সহিত লাকাৎ করিলাম। আমি আমার বৃদ্ধি-বিবেচনা মোতা-বেক লোকদিগকে পরামর্শ দান করিতে লাগিলাম। কিন্তু আমার পরামর্শে

প্রায় কেহই কর্ণপাত করিলেন না। আমার কথা শুনিতেও তাঁহারা প্রস্তুত ছিলেন না।

ইংরেজ সৈন্যরা শহর দখল করিবার পর মুজাহেদ বাহিনীর কোন লোক অথবা স্থানীনচেতা কোন নাগরিকই আর শহরে রহিলেন না। জালেমরা চারিদিকে এমন এক বিভীষিকার রাজন্ব কায়েম করিল যে, শহরের খাদ্য ও পানীয় জল সংগ্রহ করা ছন্দর হইয়া পড়িল। এই অবস্থায় পাঁচদিন পাঁচরাত্রি অবস্থান করার পর আমার সর্বাপেকা প্রিয় বস্তু পুস্তকের ভাণ্ডারটিসহ অন্যান্য সর্বপ্রকার আনবাবপত্র পরিত্যাগ করিয়া আল্লাহর উপর ভরসা করিয়া পরিবার-পরিজননহ শহর ত্যাগ করিয়া চলিলাম। অন্ততঃ পুস্তকগুলি বহন করার মত কোন যানবাহনের ব্যবস্থাও আমি করিতে পারিলাম না।

শহর দখল করতঃ এই সমূক জনপদের ধন-সম্পদ এবং আমীর-উমারাদের বাড়িঘর হস্তগত করার পর শ্বেতাংগ নাদারা গোষ্ঠী সর্বপ্রথম বাদশাহ এবং তাঁহার সন্তান স্তুতিকে এেফতার করার প্রতি মনোযোগী হইল।

হতভাগ্য বাদশাহ সপরিবারে তখন হুমার্নের মাকবারাতেই অবস্থান করিতেছিলেন। তাঁহার বিশাসঘাতক উজিরেরা তখন পর্যন্ত তাঁহার কানে আশার বাণী শুনাইতেছিল। তিনি তাহাদের কথায় পূর্ণ আস্থা স্থাপন করিয়া বসিয়াছিলেন। তাঁহারা সকলে বাদশাহী চালে তখনও পর্যন্ত চাকর-বাঁদীর সেবায়ত্ব উপভোগ করিয়াই দিন গোজরান করিতেছিলেন।

কিন্তু হায়, বিশাসঘাতকের কথায় কর্ণপাত করিয়। পরম নিশ্চিত্তে বিসিয়া থাকা সেই বাদশাহকেই শেষ পর্যন্ত সীমাহীন লাঞ্চনা, ছশ্চিন্তা ও মর্মবেদনার সহিত সপরিবারে হস্তপদ শৃষ্থালিত অবস্থায় শহরের দিকে আসিতে হইল। পথিমধ্যে 'হাডসন' নামক এক সেনানায়ক বাদশাহতন্য় ও পৌত্রকে গুলি করিয়া হত্যা করিল। এইভাবে শ্লিজা মুগল এবং খেজুর স্কুলতানের জীবন অবসান হইল। জালেমেরা শাহাজাদাদয়ের

মৃতদেহ পথিপার্শ্বে ফেলিয়া রাখিয়া মস্তক কর্তন করিয়া আনিল এবং একটি স্থাপজিত পাত্রে স্থাপন করতঃ বাদশাহের সম্মুখে 'উপহার' স্বরূপ পেশ করিল। তৎপর মস্তক তুইটিও চুর্ণ বিচুর্ণ করিয়া দূরে নিক্ষেপ করিল।

তৎপর মাসবর্ণ অন্তর শ্বেতকায় ও পিংগলবর্ণ কেশবিশিষ্ট জালেম ইংরেজরা বাদশাহকে সূঁইয়ের ছিদ্র সদৃশ একটি সংকীর্ণ অন্ধকার কারাকক্ষে বন্দী করিয়া রাখে। এই বিশাল দেশের কোন এক কোণেও তাঁহার জন্য একটু স্থান করিয়া দেওয়ার মত উদারতাও ইহারা প্রদর্শন করিতে পারে নাই। শেষ পর্যন্ত তাঁহাকে দেশের বাহিরে একটি উপদ্বীপ এলাকায় ( ব্রহ্মদেশে ) নির্বাসিত করে।

ভাগ্যের কি নির্মণ পরিহাস! যে বেগম বাদশাহের প্রধান মন্ত্রণাদান্ত্রী থাকার সময় ইংরেজের সহিত ষড়যন্ত্র জাল বিস্তার করিয়। ছিল এবং স্বীয় পুত্রকে সিঃহাসনের ভবিষ্যং উত্তরাধিকারী করিয়া লওয়ার জন্য সর্বাবস্থায় দেশ ও জাতির শক্র ইংরেজ সৈন্যদিগকে গোপনে সাহায্য দান করিত, তাঁহার মিথ্যা আশার সৌধও মুহুর্তের মধ্যেই ধসিয়া পড়িল। সর্বপ্রথম গোরা সেনানায়কগণ তাঁহার সঞ্চিত সকল ধন-সম্পদ কাড়িয়া লইল। তৎপর তাঁহাকেও বাদশাহের সহিত নির্বাসনে প্রেরণ করা হইল। তিনি ছিলেন 'জিনত-মহল' বা মহলের সৌন্দর্য। ইংরেজদের সহিত ষড়যন্ত্রের ফলস্বরূপ তাঁহাকে কুৎসিততম একটি ঘুণ্য নারীতে পরিণত হইতে হইল।

মনুষ্য বিবজিত ইংরেজ জালেমরা বাদশাহের পরিবার-পরিজনের যাহাকেই হাতে পাইত নিবিচারে হত্যা করিত অথবা অন্যান্য অসংখ্য দেশপ্রেমিক নাগরিকের ন্যায় কাঁসিকার্চ্চে ঝুলাইত। এই ত্র্বল হতভাগ্য-দের মধ্যে যাহারা রাত্রির অন্ধকারে আত্মগোপন করিয়া অথবা দিনের বেলায় গোরা সৈন্য এবং দেশী বিশ্বাসঘাতকদের চক্ষে ধূলা নিকেপ করিয়া পলায়ন করিতে সক্ষম হইল, তাহারাই কেবলমাত্র বাঁচিয়া রহিল। অবশ্য এই শ্রেণীর ভাগ্যবান খুব কমই ছিল।

তৎপর গোরা খাঁপ্তান সৈন্যরা শহরের পার্শ্ববর্তী এলাকায় আমির-উমারা এবং বিশিষ্ট ব্যক্তিদের ধন-সম্পদ, বাড়িঘর ও পশুপাল সবকিছুই লুঠন করিতে শুফ করিল। তাহাদের হাতী, ঘোড়া, উট, অন্ত্রশন্ত্র সবকিছু ইংরেছ শিবিরে আনিয়া জমা করিতে লাগিল। এত করিয়াও তাহারা নিরস্ত হইল না, বিশিষ্ট ব্যক্তিদের পরিবার-পরিজন ও আখীয়-স্বজনদের পর্যন্ত নির্দয়ভাবে হত্যা করিতে লাগিল। অথচ উহারা সকলেই শাস্তভাবে ইংরেজ শাসকের আত্মগত্য স্বীকার করিয়া লইয়াছিল। পরে ভয়ে অথবা স্থার্থের লোভে ইংরেজদের সাহায্যকায়ী হইবারও সম্ভাবনা পূর্ণমাত্রায় ছিল।

অতঃপর ইংরেজ নানারা গোষ্ঠী চতুদিকের প্রত্যেকটি বড় রাস্তার পার্শ্বে দিন্য মোতায়েন করিয়া দিল, যাহাতে প্রত্যেকটি পলায়নকারী ব্যক্তিকে পাকড়াও করিয়া তাহাদের সম্মুখে আনমন করা সম্ভব হয়। অতি অল্পন্থাক লোকই এই নিষ্ঠুরদের কবল হইতে রক্ষা পাইয়াছিল। অবশিষ্ঠ সমস্ত লোককৈ এই নিষ্ঠুরদের কবল হইতে রক্ষা পাইয়াছিল। অবশিষ্ঠ সমস্ত লোককৈ এই নিষ্ঠুরদের কবল হইতে রক্ষা পাইয়াছিল। অবশিষ্ঠ সমস্ত লোককৈ এই নিক্ট স্বর্ণ-রৌপ্য ইত্যাদি যাহা কিছু থাকিত সবকিছু ছিনাইয়া লওয়া হইত। তৎপর বন্দীদের জামা, কাপড়, চাদর, লুঙ্গি, পাজামা যা কিছু পরিধানে থাকিত, সবকিছুই খুলিয়া নেওয়া হইত। সর্বশেষে তাহাদিগকে সেনানায়কদের সম্মুখে পেশ করা হইত। সেনানায়কগণ এই সমস্ত লোককে গুলি করিয়া হত্যা অথবা ফ সির নির্দেশ দিত। যুবা-রুদ্ধ, ইতর-ভন্ত, সর্বপ্রেণীর লোকের প্রতি একই ব্যবহার করা হয়। এইভাবে ফ সিকাণ্ঠে আত্মদানকারী অথবা গুলির সম্মুখে প্রাণ ত্যাগকারীর সংখ্যা হাজার-হাজারের কোঠায় যাইয়া দাঁড়ায়। জালেমদের এই বর্বর নির্যাতনের যাহারা শিকার হয়, তাহাদের অধিকাংশই ছিল সম্লান্ড মুসলমান নাগরিক।

হিন্দুদের মধ্যে মাত্র তাহারাই নিহত হয়, যাহাদের সম্পর্কে জানা ছিল যে, তারা প্রকাশ্য শত্রুতা করিয়াছে বা মুক্তি সংগ্রামে সংশ্রগ্রহণ করি- য়াছে। কিন্তু মুন্লমানদের মধ্যে মাত্র তাহারাই পরিত্রাণ পাইরাছিল যাহারা কোন প্রকারে প্রাণ লইয়া পলায়ন করিতে সক্ষম হয়, অথবা দীন-ঈমান পরিত্যাগ করতঃ নাসারা দস্যুদের সহায়তা করিয়াছিল; আর যাহারা আল্লাহর অন্তর্গ্রহের কথা পশ্চাতে ফেলিয়া নাসারা শত্রুদের গুওচরবৃত্তিতে লিপ্ত ছিল। এই ছুরা মাদের মধ্যে বাদশাহের এক বিশিপ্ত অমত্যুক্ত শামিল ছিল (হা ীম আহসান উল্লাহ খা)। গ্রীষ্টান আধিপত্য বিস্তারের ব্যাপারে এই লোকটার প্রচেটার কোন সীমা ছিল না। কিন্তু শেষ পর্যন্ত তাহার সকল আশা মরীটিকায় পরিণত হয়। আশা ভঙ্গের গ্লানি এবং স্বজাতিদ্রোহিতার আক্ষেপ শেষ জীবন পর্যন্ত তাহাকে মর্মে মর্মে দাহন করে। তাহার অবস্থার ক্রেত পরিবর্তন হয় এবং জনসমাজে ঘুণ্য ও ধীকৃত একটি লোক হিসাবে কোন প্রকাশে আর কি হইতে পারে গ

এই গণহত্যার পৈশাচিকতা শুধু দিল্লীতেই সীমাবদ্ধ ছিল না। ইংরেজ কর্তৃপক্ষ চতুদিকে হিন্দু জমিদার ও অমাত্যশ্রেণীর নিকট নির্দেশনামা প্রচার করিয়া দিল যে, যে কোন সন্দেহজনক লোক্ত গ্রেফতার করিয়া যেন দিল্লীতে প্রেরণ করা হয়। এই নির্দেশের ফলে হাজার হাজার পলায়নকারী দেশুপ্রেমিক গ্রেফতার হয় এবং গণহত্যার শিকারে পরিণত হয়। কোন বিশিপ্ত ব্যক্তি বা কোন সাধারণ লোকের পক্ষেই এই অভিযানের কবল হইতে রক্ষা পাওয়া সম্ভবপর হয় নাই।

অতঃপর দেশের প্রতি প্রান্তে উন্মন্ত সৈুক্তবাহিনীকে ছাড়িয়া দেওয়া হয়। এইসব রক্তপিপাস্থ হায়েনার দল লুগুন, গণহত্যা এবং নানা অক্লনীয় নির্ধাতনের মাধ্যমে সমগ্র দেশে এক বিভীষিকার রাজত্ব কায়েম করে।

এই মহাবিপদের দিনে শরীফ পর্দানশীন যানানাগণও প্রাণভয়ে পলায়ন করিতে থাকেন। বৃদ্ধ, তুর্বল, শিশু এবং অনভাস্ত পুর-নারীর। অনেকেই পথ চলার আস্তি ও ভীতির ফলে প্রাণত্যাগ করেন। অনেকেই আবার মান-সম্ভ্রম বিপন্ন মনে করিয়া আস্ত্রহত্যা করিয়া বসেন। কিন্তু অধিকাংশ জীলোককে গ্রেফতার করিয়া বর্ণনাতীত নির্যাতনের মধ্যে নিকেপ করা হয়।
অনেক বিশিষ্ট লোকের কলাকেও জালেমরা সেবাদাসী বা রক্তিবার জ্বল জীবন গ্রহণ করিতে বাধ্য করে। কত শরীক ঘরের মা-বোনকে যে ইহারা গরু-ছাগলের ন্যায় হাটে-বাজারে বিক্রয় করে তাহার ইয়ন্তা নাই। এই লাজ্নার সময় অনেকই মৃত্যুর কবলে চলিয়া পড়ে। কত নারী ও শিশু যে নিখোঁজ হয় তাহার কোন হিসাব নাই।

কত নারী, শিশু ও বৃদ্ধ লাচার লোক যে স্বীয় আগ্রীয়-স্কলন ও পরিবার-পরিজন হইতে বিচ্ছিন্ন হইয়া সর্বনাশের কবলে পতিত হয় তাহার হিসাবই বা কে জানে ? এই মহাবিপদের সময় চারিদিকেই যেন কেয়ামতের দৃশ্য পরিলক্ষিত হইত। কেয়ামত সম্পর্কে বলা হইয়াছে যে, সেইদিন পিতা তার সন্তান, স্বামী তার স্ত্রী, সন্তান তার পিতামাতা ইত্যাদি কেউ কাহারও দিকে দৃষ্টিপাত করার সময় পাইবে না। চারিদিকে কেবল বিভীষিকার রাজকই পরিলক্ষিত হইবে। সকলেই কেবল লাগ্রকার চিন্তায় অধীর থাকিবে। পিশাচের দোসর ইংরেজ সৈন্যদের সন্মুখে এই দেশের দেশপ্রেমিক নাগরিকদের অবস্থাও সেইরূপ হইয়া পড়ে। সকাল বেলায় হয়ত যে নারী ছিল স্বামী-পুত্রের সংসারের রাণী, সন্ধ্যা ঘনাইয়া আসিতে না আসিতেই সে হইল নিঃসহায় বিধবা এবং কড়ার ভিথারী। যে সন্তান হয়ত রাত্রির বেলায় পিতার কোলে স্থাথে নিদ্রা গিয়াছিল, সকাল হইতে না হুইতেই দেখা গেল সে অনাথ এতীমে পরিণত হইয়াছে।

এই ব্যাপক ধ্বংসলীলা ও বিভীষিকার রাজ্বে চারিদিকে কেবল শ্রুতি-গোচর হইত সন্তানহারা ছংখী জননীর বিলাপধ্বনি। পুরুষদের পক্ষেও আশ্বীয়-বন্ধু ও স্ত্রী-পূত্র-পরিজনের বিরহে নীরবে অশ্রু বিসর্জন করা ছাড়া গত্যন্তর ছিল না। সেকালের সর্বাপেকা সমৃদ্ধ নগরগুলি যেন বৃক্ষলতাহীন শুক মরুপ্রান্তরে পরিণত হইল। শহরের সচ্ছল-স্থাী অধিবাসীগণ সর্বস্বান্ত ও বিক্তিপ্ত হইয়া গিয়াছিল। এককালের সমৃদ্ধ দিল্লী ধ্বংস ও বিভীষিকার শহররূপে পড়িয়া রহিল। 5664

দিল্লী ধ্বংস করিবার পর ইংরেজরা পূর্বদেশীয় শহর ও জনপদগুলির দিকে মনযোগ দিল। সেই সমস্ত শহরেও দেখিতে না দেখিতেই ব্যাপক ধ্বংসলীলা নামিয়া আসিল। ব্যাপক গণহত্যা ও বেপরোয়া লুঠন চলিল এবং ইংরেজ সেনারা নারী-পুরুষ নিবিশেষে সকল শ্রেণীর নাগরিককে ধরিয়া ফাঁসিকার্চে ঝুলাইতে লাগিল। অগণিত মানুষ গুলিবিদ্ধ হইয়া মৃত্যুবরণ করিল।

এহেন শোচনীয় পরিস্থিতিতেই আমি আমার জ্বাস্থান থায়রাবাদের দিকে অগ্রসর হইতেছিলাম। পথ ছিল পদে পদে ভীতি ও বিদ্নসংকুল। এই পথে যাঁহারা অগ্রসর হইতেছিলেন তাঁহাদের কাহারও সুস্থ জ্ঞানবৃদ্ধি তথন অবশিষ্ট ছিল না। পথে কয়েকটি স্থান খুবই বিপদসংকুল ছিল। নাসারা ও তাহাদের সাহায্যকারী সৈন্যরা পথের ধারে ধারে তল্লাশী ঘাঁটি স্থাপন করিয়া রাখিয়াছিল। হিংস্র প্রকৃতির জার্ডিদিগকে যে কোন পথচারীকে লুগুন করা, মারপিট করা এমনকি হত্যা পর্যন্ত করিয়া কেলিবার সাধারণ অনুমতি দেওয়া হইয়াছিল। ঐ দস্যু সম্প্রদায় এতদূর উৎসাহিত হইয়া পড়িয়াছিল যে, পথে পথে ছাউনি ফেলিয়া তাহারা পলায়নপর পথিকের অপেন্দা করিত, প্রত্যেকটি খেয়াঘাটে নৌকা আটক করিয়া লুগুনের পথ স্থাম করিয়া লইত। নৌকাযোগে কোন লোককে যাইতে দেখিলে সেই নৌকায় অগ্রিসংযোগ করা হইত অথবা ভাজিয়া ভ্রাইয়া দেওয়া হইত। চারিদিকে নৌকা-চালকদিগকে শাসাইয়া দেওয়া হইয়াছিল, যাতে কোন লোক তাহারা বহন না করে। যেন কোন লোকের পক্ষেই নৌকাপথে ভ্রমণ করার কোন স্থোগই না থাকে।

এই বিপজ্জনক পরিস্থিতির মধ্যে আলাহ রাকাল আলামীন সঙ্গী নাথী সহকারে আমাকে সকল বিপদ হইতে মুক্ত রাখেন। সেতু, নৌকা বা অন্যান্য কোন যানবাহনের সাহায্য ব্যতিরেকেই পূর্ণ শান্তির সহিত পরিবার-পরিজনের অন্যান্যদের সালিধ্যে আনিয়া দেন। পথের কল্পনাতীত বাধাবিদ্ধ ও ভয়াবহ আপদ বিপদ হইতে রক্ষা করিয়া তিনি আমার প্রতি নিঃসন্দেহে বিশেষ অন্তগ্রহের পরিচয় দান করিয়াছেন। ঘরে পোঁছিয়া আমরা সকলে আলাহ রাকবুল আলামীনের এই অপ্রত্যাশিত নিয়ামতের শুতুরগোজারী করিলাম, তাঁহার এই সীমাহীন অনুগ্রহের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করিলাম।

আমার শহর অযোধ্যার আকাশে-বাতাসেও বিপ্লবের অভিন জলিয়া উঠিয়াছিল। বিদ্রোহী সৈন্যগণ লাখনৌর প্রাক্তন নবাবের পত্নী—বেগম হমরত মহল ও তাঁহার অপ্রাপ্তবয়স্ক ব্যালক পুত্রকে কেন্দ্র করিয়া বিদ্রোহ ঘোষণা করে। এই নবঘোষিত নবাব অবোধ বালক হওয়া সম্ভেও এতদঞ্চলের যোদ্ধ্যলম্ব ও বিশিপ্ত ব্যক্তিগণ মনপ্রাণে সংগ্রামের জন্য প্রস্তুত হইলেন। চারিদিকে ইংরেজের বিক্তদ্ধে বিপুল উৎসাহ-উদ্দীপনার স্থিতি হইল।

ইতিপূর্বে এতদঞ্চলের স্বাধীন ন্বাব্যকে পদ্যুত করতঃ ইংর্রেজরা তাঁহার শাসিত এলাকা এক প্রকার দথল করিয়া লইয়াছিল। আরামপ্রিয় থামথেয়ালী প্রকৃতির ন্বাব দেশ শাসন ও প্রজাহিতের কোন চিন্তাই করিতেন না। দিনরাত কেবল গীতবাদ্য ও নর্তকী-গায়িকার সংস্র্বব চাহিতেন। একজন শাসনকর্তাস্থলভ দূরদৃষ্টির যথেষ্ট অভাব ছিল তাঁহার মধ্যে। সর্বোপরি ওয়াদা-অঙ্গীকারের কোন মূল্যই তাঁহার কাছে ছিল না। চতুদিকে যথন বিদ্রোহী জনতা ইংরেজ শাসনের ভিত্তি কাঁপাইয়া তুলিল, তথন সেই গদীচ্যুত ও নির্বাদিত ন্বাবের স্ত্রীই দেশের সর্বময় কর্ত্রী এবং তাঁর অপ্রাপ্তবয়স্ক পুত্র ন্বাব হইয়া বসেন। বালক ন্বাব তাঁহার শৈশবের খেলার সাথীদের সংসর্গের মায়া ছাড়িয়া দায়িছ পালনের প্রতি আরুষ্ট হওয়ার কোন লক্ষণই দেখাইলেন না। বালক-স্থলভ চঞ্চলমতিত্ব এবং সর্ববিষয়ে অমনোযোগের ফলে তুশমনের গতিবিধি ও শক্তি-সামর্থ্য সম্পর্কে কোন ধারণাই তাঁহার মনে স্থান পায়

প্রয়োজনীয় নির্দেশটুকু পর্যন্ত দেওয়া তাঁহার পক্ষে সন্তব হইয়া উঠিল না।
ছর্ভাগ্যবশতঃ বালক নবাবের প্রধান আমলা এবং অমাত্যগণের সকলেই ছিল
মূর্য, ছশ্চরিত্র, অহংকারী, অনভিজ্ঞ ও হিংমুক শ্রেণীর লোক। কোন
কোন লোক আবার ছশমন ইংরেজদের চর এবং খরিদা গোলাম ছিল।
ভাহারা গোপনে ইংরেজদের স্বার্থ রক্ষার জন্য চেষ্টা চালাইত। তাহাদের
একমাত্র প্রিয় কর্ম ছিল দরবারে বিসিয়া একে অপরের কুৎসা করা, একজনের
প্রতি আর একজনের হিংসারুদ্ভি চরিতার্থ করা, চটপট কথা বলা ও বাক্পট্তায় বাহাছরী প্রকাশ করা। ইহাদের অধিকাংশ লোকই ছিল নীচ
শ্রেণীর, ইতর ও কাণ্ডজ্ঞানহীন।

যাহাদের পরামর্শে রাজকার্য পরিচালিত হইত, তাহাদের চিন্তাধারা ছিল চরম প্রতিক্রিয়ানীল। পশ্চাৎমুখী চিন্তাছাড়া কোন প্রকার কল্যাণ বৃদ্ধি তাহাদের মাথায় কোন সময়ই স্থান পাইত না। ধ্বংস ও সর্বনাশ ছাড়া মঙ্গলজনক কোন কিছুর অনুষ্ঠান তাহাদের দ্বারা অনুষ্ঠিত হইতে দেখা যাইত না। যাঁহাদের কিছু বৃদ্ধি-বিবেচনা ছিল, তাঁহারা বিশ্বয়-বিক্ষারিত তুই চোখ মেলিয়া এই অর্বাচীনের মেলা দেখা ছাড়া করণীয় কিছু খুঁজিয়া পাইতেন না। নবাব, সরকারের আমীর-উমারাহ ও দায়িদ্দীল লোকদের মধ্যে কাহারও এতটুকু বৃদ্ধি ছিল না। ফলে তাহারা শক্র ইংরেজদের সর্বনাশা পরিকল্পনা সম্পর্কে কোন প্রকার অনুমান পর্যন্ত করিতে পারিত না। তত্পিরি ইহাদের সকলের মধ্যেই যেন ইংরেজের সঙ্গে গোপনে সম্পর্ক স্থাপনের প্রচ্ছন্ন প্রতিযোগিতা শুক্র হইয়া গিয়াছিল।

বিদ্রোহের প্রথম পর্যায়েই ইংরেজ সৈশুবাহিনী এবং সরকারী কর্মচারীগণ শহরে তাহাদের নিজস্ব এলাকায় অবরুদ্ধ হইয়া গিয়াছিল। কিন্তু বিশ্বাসঘাতকদের কল্যাণে তাহারা অবরুদ্ধ অবস্থায়ও অত্যন্ত নিরাপদ ও শান্তিপূর্ণ জীবন-যাশন করিতেছিল। তাহারা নিজ এলাকার চারিদিকে পরিখা খনন করিয়া এবং দেয়াল তৈয়ার করিয়া একটি কৃত্রিম তুর্গের স্পৃষ্টি করিয়া ফেলিয়া-ছিল। স্বাধীনতাকামী দেশী সৈশুগণ তাহাদের এই তুর্গে আক্রমণ পরি- চালনা করিয়া বার বার বার্থ হইয়া ফিরিয়া যাইতেছিল। কোন অবস্থাতেই তাহারা তাহাদের পরিকল্পনা কার্যে পরিণত করিতে পারিতেছিল না। এই অবস্থায় অবক্ষম ইংরেজ সৈন্যদিগকে উদ্ধার করিবার জন্য বাহির হইতে প্রচুর গোরা সৈন্য শহরে আসিয়া পৌছিল। এই নৃতন সৈন্যদল শহরে প্রবেশ করিবার সময় মুজ্ঞাহিদ বাহিনীর লোকজনেরা অত্যন্ত বীরবের সঙ্গে তাহাদিগকে প্রতিরোধ করিতে শুক্ত করে। এই সংগ্রামে বহু গোরা সৈন্য ধ্বংসপ্রাপ্ত হয়। কিন্তু শেষ পর্যন্ত হতাবশিষ্ঠ কিছুসংখ্যক গোরা সৈন্য অবক্ষম ইংরেজদের এলাকায় পৌছিতে সক্ষম হয়। নৃতন প্রস্তুতি সহকারে ইংরেজ সৈন্যরা পুনরায় অগ্রসর হইল, তখন দেশী সৈন্যদের প্রায় কেহই তাহাদের বাধা দেওয়ার জন্য সাহস করিয়া অগ্রসর হইল না। ফলে ইংরেজ সৈন্যরা শহর হইতে তই মাইল দূরবর্তী একটি বাগানের মধ্যে শিবির স্থাপন করিয়া যুদ্ধের প্রস্তুতি শুক্ত করিল। চারিদিক হইতেও ইংরেজ শিবিরে অস্ত্র-শস্ত্র ও অন্যান্য সাহায্য ক্রমাগত আসিয়া পৌছিতে লাগিল। দেখিতে দেখিতে ইংরেজ সৈন্যগণ প্রচুর রসদ ও যুদ্ধান্তের মালিক হইয়া বসিল।

শহরে পূর্ব হইতে যে লক্ষর মওজুদ ছিল, আর দিল্লী হইতে পালাইয়া আসা যে সমস্ত সৈন্য বেগমের শরণাপন হইয়াছিল, বেগম তাহাদের প্রত্যেক-কেই যোগ্য মর্যাদা দান করিয়াছিলেন। এতদ্যতীত বেতনভুক্ত সৈন্যদেরও একটি বিরাট দল আসিয়া লাখনৌ শহরে সমবেত হইল। কিন্তু তুংথের বিষয়, সৈন্যদের অধিকাংশই ছিল আধুনিক অন্ত ব্যবহারে অক্ত। নিয়মের অধীনে থাকিয়া যুদ্ধ করিবার মত যথেষ্ট শিক্ষা তাহাদের ছিল না। এতদস্তেও সমস্ত সৈন্য বাগানে অবস্থিত ইংরেজ শিবিরের সন্নিকটে সমাবেশ করা হইল। সৈন্যরা চারিদিকে পরিখা খনন করিয়া ইংরেজ শিবির অবরোধ করিয়া বসিয়া রহিল।

দীর্ঘদিন যাবং অবরুদ্ধ ইংরেজ সৈন্য এবং অবরোধকারী দেশী লন্ধরের মধ্যে তীর-ধনুক বিনিময়, বর্শার যুদ্ধ এবং ব্যাপক আক্রমণ প্রতি-আক্রমণ চলিতে লাগিল। শেষ পর্যন্ত নিরুপায় হইয়া ইংরেজ সৈন্য নিকটবর্তী পার্বত্য এলাকার দেশী ভ্সামীদের নিকট সাহায্য প্রার্থনা করিতে শুরু করিল।

ইংরে**জদের আবেদন**ক্রমে পার্বত্য এলাকা হ**ইতে ত্রিশ সহ**স্রাধিক সৈন্য তাহাদের সাহায্যার্থে আগাইয়া আসিল।

ইংরেজদের শক্তি বহুগুণ বধিত হইল। গোরা সৈন্য, ভাড়াটিয়া দেশী সৈন্য এবং লোভী সাহায্যকারীদের লোকলস্করসহ তাহাদের শক্তি বিপুল হইয়া দাঁড়াইল। এই বিপুল শক্তি লইয়া তাহারা নবাব-বেগমের সৈন্যবাহিনীকে আক্রমণ করিয়া বসিল। উপ্যুপিরি হামলার দারা শেষ পর্যন্ত তাহারা দেশী অবরোধকারীদিগকে পিছু হটিতে বাধ্য করিল। অবরোধ-সীমা হইতে পশ্চাদপসরণ করতঃ তাহারা শহর সীমান্তে আসিয়াও নতুন করিয়া দৃঢ়পদে দাঁড়াইতে পারিল না। এমন কি শেষ পর্যন্ত বেগম ও তাহার অল্প বয়স্ক বালক নবাবকে মহলে রাথিয়াই সৈন্যগণ পলায়ন করিতে লাগিল। অনেক অমাত্য এই হুঃসময়ে বালক নবাব ও বেগমের সহিত বিশ্বাস্থাতকতা করিল।

সর্বাপেকা হঃখন্তনক ব্যাপার হইল—ইংরেজদের সহিত মোকাবিলা করিবার জন্য বেগম তাঁহার প্রজাদের মধ্য হইতে যে সমস্ত প্রাম্য লোককে সৈন্যবাহিনীতে ভতি করিয়াছিলেন, তাহারা যে কোন্ অদৃশ্য হস্তের ইশারায় ইংরেজদের অন্থগত হইয়া গেল। তাহারা মনিবের ইজ্জ্ত রক্ষা ও বিপদের সময় সাহায্য করার জন্য শহরে আগমন করিয়াছিল। অন্ততঃ এই লোকগুলি শেষ পর্যন্ত ঈমানদারীর সহিত যুক্ত করিবে, এতটুকু ভরসা বেগমের ছিল। কিন্ত ভাগ্যের পরিহাস, ইহারাই বেগমের প্রধান শক্রতে পরিণত হইল। যাদের ঈমানের উপর অধিক ভরসা করা হইয়াছিল, তাহারাই সর্বপ্রথম নাসাধাদের হাতে ঈমান বিক্রয় করিয়া বসিল। ইংরেজ নাসারাদের পক্ষে তাহারাই তথন স্বাপেক্ষা শক্তিমান যোদ্ধা হিসাবে পরিণত হইল। গোরাদের সঙ্গে মিলিত হইয়া তাহারা যখন শহরের

দিকে বাওয়া করিল, তখন শহরবাসীরা উপায়ন্তর না দেখিয়া বাড়িঘর ত্যাগ করিয়া পলায়ন করিতে শুক্ত করিল।

শহরের অভ্যন্তর ভাগে প্রবেশ করতঃ গোরা সৈন্যরা প্রথমেই বেগম ও নবাবের মহল অবরোধ করে। বেগম পরিস্থিতির গুরুত্বের কথা চিন্তা করিয়া বালক পুত্র (নবাব) এবং ছুইজন পরিচারিকাসহ প্রাসাদের পশ্চাংদার দিয়া অন্য এক মহল্লায় যাইয়া আত্মগোপন করিতে সমর্থ হুইলেন।

তিনদিন শহরে অবস্থান করিয়া বেগম পলায়নপর বিচ্ছিন্ন সৈন্য-বাহিনীকে একত্রিত করিবার জন্য চেষ্টা চালাইলেন। কিন্তু বেগমের পরাজিত সৈন্যরা এমন ভীত-সম্ভক্ত হইয়া পড়িয়াছিল যে, কোন অবস্থাতেই তাহার। আর পুনরায় একত্রিত হইতে সমত হইল না। এই সংকটের সময় সৈন্যবাহিনীর পক হইতে কোন প্রকার কার্যকরী সাহায্য লাভের আশাও চিরতরে বিদুরিত হইল। এমনকি সামান্য কিছু রক্ষীসৈন্য সংগ্রহ করিয়া শহরের কোন এলাকায় একটি নিরাপদ আত্রয়স্থল গডিয়া তোলাও সম্ভবপর **হইল না। শেষ** পর্যন্ত বেগম নিরুপায় হইয়া নবাব এবং কিছু সংখ্যক সঙ্গী-সাথীসহ নিরুদ্দেশের পথে থাতা করিলেন। তণলতাহীন ধু-ধু ময়দানের দিকে তাঁহাদের যাত্রা শুরু হইল। খবর পাইয়া কিছু সংখ্যক সম্ভ্রান্ত মহিলা, স্বল্পসংখ্যক মোডসওয়ার সৈন্য এবং পলাতক শহরবাসীর একটি দল তাঁহার সঙ্গে যাতা করিল। এই দলের প্রায় সকলের অবস্থাই অত্যন্ত শোচনীয় ছিল। অনেকেরই পরনে প্রয়োজনীয় জামা-কাপড় এমনকি জুতা পর্যন্ত ছিল না। অথচ তাহারা সকলেই ছিলেন শহরের বিশিষ্ট লোক। স্ত্রীলোকদেরও প্রয়োজনীয় পর্দ্য করার মত কাপড় সঙ্গে ছিল না। নগ্নপ্রায়, বে-পর্দা অবস্থায় তাঁহারাও পদত্তজে প্রথ চলিতেছিলেন। অথচ মাত্র কয়েকদিন পূর্বেও তাঁহারা ছিলেন বিশিষ্ট ঘরের অসুর্যম্পাশা পুরনারী। ধু-ধু প্রান্তর ও ছায়াহীন ময়দানের পথে চলিতেছিল এই সর্বহারাদের কাফেলা। চারিদিকে শুধু শোনা

যাইতেছিল হাহাকার আর আর্তরব। শতছিন্ন বসনে বিশিপ্ত ঘরের নারীর। প্রান্তরের পর প্রান্তর পার হইয়া যাইতেছিলেন। এক প্রান্তর হইতে অপর প্রান্তরে পৌছার সঙ্গে সঙ্গে দৈন্য ও নগ্নতার বীভংসরূপ শতগুণ বৃদ্ধিপ্রাপ্ত হইতে লাগিল। তাহারা ছিলেন কল্পনাতীত সুখ-স্বাচ্ছন্দা ও আরাম-আয়েশে অভ্যন্ত। এই ময়দানের পথে তাঁহাদের এহেন কপ্তের জীবন যেন দিনদিনই অধিকতর অসহনীয় হইয়া উঠিতে লাগিল। বসনহারা, ঘরহারা, আশ্রয়হারা সর্বোপরি খাদ্য ও পানীয়হারা অবস্থায় তাহার। দিশাহার। হইয়া পড়িলেন। প্রাসাদোপম বাড়িঘর, প্রচুর ধন-সম্পদ ও জায়গীর-রিয়াসত ত্যাগ করিয়া তাহাদিগকে পথে নামিয়া আসিতে হইয়াছিল। অথচ কোন অবস্থাতেই তাঁহারা এই সমস্ত ত্যাগ করিতে প্রস্তুত ছিলেন না। সম্পূর্ণ প্রত্রকিত অবন্ধায়ই তাঁহাদের সন্মূথে এই বিপদ আসিয়া উপস্থিত হইল। এই মহাবিপদের তীব্র ক্ষাঘাতে তাঁহারা এমন সর্বহারায় পরিণত হইলেন যে, তাঁহাদের চেহারা পর্যন্ত পরিবর্তিত হইয়া গেল। উষ্পুষ্টো চুল, উদাস চেহারা এবং কিংকর্তব্য-বিমূঢ়তার মূর্ত প্রতীকরূপে ইহারা পথে নামিয়া আসিয়াছিলেন। এই মহাবিপদ শুধুমাত্র শহরবাসীকে পথে বসাইয়া এবং স্থখী-সমৃদ্ধ মানুষকে সর্বহারায় পরিণত করিয়াই ছাড়ে নাই; ক্ষমতাশালী আযাদ লোক গোলামে, সম্পদশালী লোক ভিকুকে এবং সম্মানী ভদ্র মারুষকে চরমভাবে হেয়-প্রতিপন্ন করিয়া ছাড়িয়াছিল। সুখী ও নিক্রদ্বিগ্ন জীবনে অভ্যস্ত মানুষগুলি চোথের সম্মুখে একমাত্র পথ ও পথের বিভীষিকা ছাড়া আর কিছুই দেখিতে পাইল না।

আর্তিক্রন্দন, হা-হতাশ ও আক্ষেণের ধ্বনিতে চতুদিক গুঞ্জরিত হইতেছিল। রোগীর কাতরানী, মঘলুমের ফরিয়াদ, সর্বহারার বিলাপ ধ্বনি—
সব্কিছুতে মিলিয়া পরিভিতি যেন আরও ভারাক্রান্ত হইয়া উঠিয়াছিল।
অনেকে আবার আক্ষেপ না করিয়া ব্যথা-ভারাক্রান্ত স্বরে আল্লাহর ইচ্ছার
সন্মুথে আল্লসমর্পণ করিয়া নাস্কনা খুঁজিতেছিল।

বিপদের তাড়নায় শিশু সন্তানকে অসহায় মায়ের ব্ক হইতে পৃথক করিয়া দেওয়া হইল। যুবা-বৃদ্ধ সকলেই ভবিষ্যৎ সম্পর্কে সম্পূর্ণ নিরাশ হইয়া পড়িয়াছিলেন। একটু আশ্রয়, শোকে একটু সান্তনা এবং রোগে একটু ঔষধের সন্ধান পর্যন্ত কোথাও ছিল না। ঘটনার আক্মিকতা এবং সর্বাত্মক বিপদের তীব্রতা তাহাদের অন্নভূতি পর্যন্ত বিকল করিয়া দিয়াছিল। ছনিয়ার সবকিছু হইতে তাহারা নিরাশ হইয়া গিয়াছিলেন। কল্পনায়ও কোন আশার কথা তাহারা চিন্তা করিতে পারিতেছিলেন না। জীবন ও মৃত্যু তাহাদের সমুখ বরাবর দাঁড়াইয়াছিল।

সুখ-স্বাচ্ছন্দ্যপূর্ণ, অনুপম প্রাসাদ ও সুচিলিক্কতা এবং আনন্দ ও তৃপ্তির অফুরন্ত উৎসে ছিল তাহাদের জন্ম। তৃনিয়ার বৃক্তে প্রথম চোখ মেলিয়াই তাহারা দেখিয়াছেন প্রাচুর্য সুক্রচীবোধের চরম উৎকর্ষতা। কিন্তু আজ তাহাদের চলার পথে প্রতি পদে পদে বাধাবিদ্ধ ও বিপদ-আপদের কর্তক ছড়ানো। পরনের বসন্টুকু পর্যন্ত নোংরা, কোন প্রকার পাথেয়ও আজ আর সঙ্গে নেই। অতীতের আরাম-আয়েশের কথা এখন তৃঃস্বপ্নে পরিণত হইয়াছে। হায় খোদা! তুমি এই অসহায়দের ক্ষমা কর! তাদের তৃঃখ দূর করার পথ বাহির কর; তৃশমনের বাধন, জালিমের হস্ত শিথিল করিয়া দাও; উহাদের ধ্বংস কর।

এমনি অবস্থায় বেগম তাঁহার সঙ্গী-সাথী ও হতাবশিষ্ঠ সৈন্যবাহিনীসহ দ্রন্ত নদী ও পার্বত্য প্রান্তরসমূহ অতিক্রম করিয়া ঘাইতে লাগিলেন। শেষ পর্যন্ত উত্তর দেশের নদীতীরস্থ একটি গ্রামে তাঁহার কাফেলা থামিল। সকলকে লইয়া তিনি এখানেই তাঁবু খাটাইয়া বসবাস করিতে শুরু করিয়া দিলেন! নদীর তীরে তীরে সৈন্য মোতায়েন করিয়া দিলেন, যেন সকল নৌকা দখল করিয়া লওয়া হয় এবং শক্রসেন্যরা কোন অবস্থাতেই নদী পার হইয়া সহজে এই নৃতন আশ্রয় কেন্দ্রেটি আক্রমণ করিতে সমর্থ না হয়।

বালক নবাব ও বেগমের এই নৃতন আশ্রয়শিবিরই নৃতন রাজধানীর রূপ পরিগ্রহ করিল। এই স্থান হইতে নৃতনভাবে চারিদিকে শাহী করমানসহ নকীব প্রেরণ করা হইল। বিভিন্ন এলাকায় রাজস্ব আদায়ের জন্য কর্মচারীও নিযুক্ত করা হইল। সেই সঙ্গে শান্তি ও শৃন্থলা প্রতিষ্ঠার পূর্ণ ব্যবস্থাও করা হইল। সামান্য সংখ্যক যে সৈন্যবাহিনী তাঁহার সঙ্গে ছিল তদ্বারাই এই নুতন রাজধানীর পার্শ্ববর্তী ইংরেজ অধিকৃত এলাকায় আক্রমণ পরিচালনা শুক্র হইল। সৈন্যবাহিনীকে নূতন সাজে সজ্জিত করিয়া পুনরায় ইংরেজের সহিত লড়াই করার জন্য প্রস্তুতি শুক্র হইল।

কিন্ত পরিতাপের বিষয়, এই সমস্ত কার্যনির্বাহ করার দায়িত্ব এমন একজন অপরিণামদর্শী, কাওজ্ঞান বিবজিত ও মুর্খ লোকের হস্তে অর্পণ করা হয়, যাহার দ্বারা কোন গুরুত্বপূর্ণ কার্যই সুষ্ঠূভাবে অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা ছিল না। কোন যোগ্য লোকের পরামর্শ গ্রহণ করিতেই সে প্রস্তুত ছিল না। মূর্থ তাই ছিল তার প্রধান ভূষণ। একটি সাধারণ কথাও সেই ব্যক্তি সহজে বুঝিয়া উঠিতে পারিত না। কোন গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতিই সে যথাযোগ্য গুরুত্ব প্রদান করিত না। সর্বোপরি লোকটি ছিল হীন চরিত্র, কাপুরুষ ও নির্বোধ। তার চতু পার্শ্বে চরিত্রহীন, নির্বোধ ও ভীরু প্রকৃতির লোকজনই উপস্থিত থাকিত, এই শ্রেণীর লোক ছিল তার প্রধান পরামর্শদাতা। সংকটজনক পরিস্থিতিতে, গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় কার্য-কলাপে এই শ্রেণীর লোকদেরই পরামর্শ গ্রহণ করা হইত। এই মূর্খ অহংকারী লোকটি বুদ্ধিমান ও দুরুদৃষ্টিসম্পন্ন সংশোকদের সংস্পর্শ এড়াইয়া চলিত এবং নিজের খান্দানের ততোধিক মূখ ও কাণ্ডজ্ঞান বিবজিত লোক বাছিয়া লইত। পরিণামে ফল দাঁড়াইল এই যে, যে সমস্ত সৈন্য পুনরায় আসিয়া সমবেত হইয়াছিল, তাহাদের উপর অনভিজ্ঞ, মূখ ও চরিত্রহীন লোকদিগকে নেতৃত্বপদে বহাল করা হইল। এই সমস্ত লোক এত হীনচরিত্র ও লোভী ছিল যে, সৈন্যদের জন্য অতিকষ্টে সংগৃহীত বুসদ পর্যন্ত তাহার। তসরূপ করিয়া বসিত। আত্মীয়-স্থ**জন** ও ইয়ার-দোস্ত-দের অপব্যয়ের চাহিদা পূরণের জন্য সৈন্যবাহিনীর জরুরী জিনিসপত্র অপহরণ করতঃ অর্থ সংগ্রাহের চেষ্টা করা হইত।

এই সমস্ত কাপুরুষের দল সর্বদ। ভীত-সন্তুম্ভ হইয়। কালাতিপাত করিত। কোন দিক হইতে সামান্য একটু শব্দ হইলেই মনে করিত শব্দ ব্বি তাহাদের ঘাড়ের উপর আসিয়। পতিত হইয়াছে। কোন সময়ই কোনখানে স্থিরভাবে বসিতে পারিত না। মনে করিত এই ব্বি মৃত্যুর পরওয়ানা আসিয়। উপস্থিত হইয়াছে। শব্দর সম্মুথে অনুগ্রহ ভিক্ষা ছাড়া তাহাদের পক্ষে অন্য কিছু করণীয় আছে বলিয়। মনে হইত না।

খৃষ্ঠান বাহিনী মূল রাজধানী অধিকার করিয়া লওয়ার পর কিছুকাল সেইখানেই স্থির হইয়া রহিল। পার্শ্ববর্তী কোনদিকে নূতন আক্রমণ পরিচালনা করার ইন্ছা সাময়িকভাবে স্থানিত রাথিয়া তাহারা রাজধানীর নিকটবর্তী এলাকার কৃষক, শ্রমজীবী ও অমুসলিম অধিবাসীদের মন জয় করার প্রচেষ্ঠায় লিপ্ত হইল। তাহাদের রাজস্ব ক্মাইয়া দেওয়া হইল। স্থান বিশেষে অর্থ দান করা হইল। সাধারণভাবে সকলের পূর্ব অপরাধ ক্মা করিয়া দেওয়ার কথা ঘোষণা করা হইল।

এই অনুগ্রহ প্রদর্শনের ফলে এই সমস্ত লোক ইংরেজ্বদের অনুগত হইয়।
পড়িল। তাহাদের মধ্য হইতে ইংরেজ্বরা একটি বিরাট সাহায্যকারী
দলও সংগ্রহ করিয়া ফেলিল। এইভাবে রাজধানী ও পার্শ্ববর্তী এলাকা
সম্পর্কে নিশ্চিন্ত হওয়ার পর ইংরেজ্বরা চারিদিকে অভিযান পরিচালনা করার
পরিকল্পনা গ্রহণ করিল।

সর্বপ্রথম ইংরেজ সৈন্যগণ বেগদের নৃতন রাজধানীর দিকে অন্তসর হইতে শুরু করিল। লাখনো হইতে মাত্র আট মাইল উত্তরে বেগদের এক বিরাট সৈন্যবাহিনী মোতায়েন করা হইয়াছিল। কিন্তু দেখা গেল, ইংরেজ সৈন্যদের আগমনের সংবাদ প্রবণ করিয়াই তথাক্থিত সেই মূর্য সেনানায়ক ও সরদারগণ পলায়ন করিল। সঙ্গে সঙ্গে সৈন্যদের মধ্যেও সন্তাস ছড়াইয়া পড়িল। সকলেই পলায়ন করিয়া আত্ররকা করা উত্তম মনে করিল। কিন্তু সে এলাকার হিন্দ্বাসিন্দাদের একটি দল বীরত্বের

সহিত ইংরেজ সৈন্যদের মোকাবেলা করিল। তাহারা সংখ্যায় ছিল মাত্র ক্ষেকশত। কিন্তু ইংরেজ বাহিনীকে তাহারা সম্পূর্ণ নির্মূল করিয়া ছাড়িল। সঙ্গে সঙ্গে প্রশ্য তাহারাও ধ্বংসপ্রাপ্ত হইল। কিন্তু কাপুরুষের ছায় আত্ম-সমর্পণ করিল না। পলায়নপর সেনানায়ক ও বিপুল পরিমাণ সৈন্যবাহিনীর পক্ষ হইতে কোন সাহায্য না পাওয়া সত্ত্বেও তাহারা মনোবল হারাইয়া পশ্চাংপদ হইল না।

ভীক্ত-কাপুক্ষ সৈন্যদের দারা পরিত্যক্ত এই প্রামটি দখল করার পর ইংরেজরা সেখানে একটি সুরক্ষিত হুর্গ নির্মাণ করিল। মূল কেন্দ্র হইতে আরও সাহায্য আসার পূর্ব পর্যন্ত হতাবশিষ্ট ইংরেজ সৈন্যদলকে এই হুর্গেই বিশ্রাম করিতে দেওয়া হইল। কূটনীতি বিশারদ ইংরেজ পক্ষীয়ণণ ইতিমধ্যে নবাব বেগমের ভীক্ত ও বিশ্বাস্থাতক সেনানায়কদের সম্মুখে নানা লোভ-লালসার জাল বিস্তার করিতে শুক্ত করিল। তাহারা জানিত যে, এই সমস্ত হুর্বল চরিত্রের লোককে অতি লহজেই খরিদ করা যাইবে। স্থৃতরাং অনর্থক সৈন্যক্ষয় ও জয়-পরাজয়ের ঝুঁকি গ্রহণ করা সঙ্গত হইবে না। স্থৃতরাং কালক্ষেপণ না করিয়া বিশ্বাস্থাতকদের মানসিক গতিবিধি লক্ষ্য করিয়া তাহারা সময় কাটাইয়া যাইতে লাগিল। অবশেষে তাহারা স্থির সিদ্ধান্তে উপনীত হইল যে, নবাবের বিশ্বাস্থাতক সেনাধ্যক্ষণণ তাহাদের জালে ধরা দিবার সম্পূর্ণ প্রস্তুত হইয়া রহিয়াছে।

এই দিক হইতে নিশ্চিত হইয়া ইংরেজরা পূর্বাঞ্চলে তাহাদের অন্তগত ও সাহায্যকারী লোকদের প্রতি মনোযোগী হইল। সেই সমস্ত এলাকায়ও বেগমের পক্ষ হইতে সম্পূর্ণ অনভিজ্ঞ, সুলবৃদ্ধিসম্পন্ন লোক সৈন্য পরিচালনার কাজে নিয়োজিত ছিল। ইংরেজদের আক্রমণ শুক্ত হওয়ার সঙ্গে সঙ্গেই তাহারাও পলায়ন শুক্ত করিল। স্থানীয় গ্রামবাসী এবং চারিপাশের যাহারা তাহাদিগকে সাহায্য করার জন্য অঙ্গীকারাবদ্ধ হইয়াছিল, প্রয়োজনের সময় তাহারাও শক্ততা করিল। ফলে দেশী সৈন্যদের তুর্দশার একশেষ হইয়া গেল। দেশের এইসব অবিবেচক লোক স্বাধীনতার মর্যাদা

ব্ঝিল না। শান্তি-সমৃদ্ধি ও সুধের জীবন ও সম্ভাবনাময় ভবিষ্যতের আশা বাদ দিয়া তাহারা সাময়িক লোভ-লালসা চরিতার্থ করার দিকেই বেশী ঝুঁকিয়া পড়িল। তাহারা দেশজোহী হইল। ধর্মজোহিতা ও কৃতম্বতার একশেষ করিয়া ছাড়িল।

এই ত্র্যোগপূর্ণ পরিস্থিতির মধ্যেই আশার এক নৃতন আলোর রশ্যি দেখা দিল। একজন পরহেষগার মোন্ডাকী, মরদে-মুজাহিদ আলাহর বান্দা নাসারাদের আধিপত্য প্রতিরোধ করার সংগ্রামে আত্মনিয়োগ করিলেন। ইলম্আমল, চরিত্রের স্টিতা ও আত্মার ওদার্যে তিনি ছিলেন এক মহান ব্যক্তির। সর্বোপরি তিনি ছিলেন বীর যোদ্ধা, তীক্ষধী ও দূর দৃষ্টিসম্পন্ন সমরনায়ক। তাহার নাম ছিল নবীয়ে আকরাম (সাঃ) সরওয়ায়ে হজাহানের নামের অন্থনরপ (আহমহল্লাহ শাহ)। এই বীর নাসারা বাহিনীকে আক্রমণ করিয়া প্রথম যুদ্দেই তাহাদিগকে শোচনীয়ভাবে পরাজিত করেন। ইংরেজ নাসারাদের বিরাট বাহিনী তাহার আক্রমণের তীব্রতা সহ্য করিতে না পারিয়া পলায়ন শুক্ত করে এবং শেষ পর্যন্ত এক হিন্দু জমিদারের হুর্গে যাইয়া আত্মরকা করে। সেইখানে কোনপ্রকারে আত্মরকা করিয়া রাজ্যানীতে সাহায্যের জন্য আবেদন পাঠায়। রাজ্যানী হইতে মুনাফেক দেশী সৈন্য, গ্রাম্য লোক এবং গোরাদের এক বিরাট বাহিনী অবক্রম্ব ইংরেজদের সাহায্যার্থে প্রেরণ করা হয়। কিন্তু পরিণামে উহাদিগকেও পূর্ববর্তীদের ভাগ্যবরণ করিয়া পলায়ন করিতে হয়।

সর্বশেষ আক্রমণের সময় এক হিন্দু দেশীয় রাজা এই মরদে মুজাহিদের সহিত চরম বিশ্বাসঘাতকতা করিল। ইংরেজদের সর্বশেষ আক্রমণের মুখে দেশীয় রাজা এই মুজাহিদকে আশ্বাস দিয়াছিল যে, চারি সহস্র সৈন্যসহ সে তাঁহাকে সাহায্য করিবে। এই আশ্বাসের উপর নির্ভর করিয়া তিনি অল্পসংখ্যক সৈন্যসহ ইংরেজ বাহিনীর মোকাবেলা করিতে শুরু করিলেন। দেশী রাজা (বলদেও সিং) চারি সহস্র সৈন্যসহ আসিয়া তাঁহার সহিত শামিল লইল সত্য, কিন্তু সাহায্য না করিয়া পিছন দিক

হইতে মুজাহিদদিগকেই আক্রমণ করিয়া বসিল। তুই দিককার এই আক্রমণ সহ্য করার মত ক্রমতা মুজাহিদ বাহিনীর ছিল না। কিছ তাঁহারা পলায়ন করিলেন না বরং বীরবিক্রমে যুদ্ধ করিয়া শহীদ হইলেন। এইভাবে বিশ্বাসঘাতকদের হাতে মরদে মুজাহিদ আহমত্ব্বাহ শাহের পতন হইল। তাঁহার সঙ্গীয় সৈন্যদের সকলেই একে একে শাহাদত বরণ করিলেন। এই হিন্দু রাজা মুখে মুখে আহমত্ব্বাহ শাহের অন্তগত হইলেও প্রকৃতপক্ষে সে ছিল ইংরেজদের বরু। ইংরেজ সেনানায়কদের নির্দেক্রমেই সে মুজাহিদদের সহিত আসিয়া শামিল হইয়াছিল।

মুজাহিদদের পতন হওয়ার সঙ্গে সঙ্গে ভীরু প্রকৃতির অন্যান্য সৈন্যগণ এমনভাবে পলায়ন করিতে শুরু করিল যে, পিছনে ফিরিয়া তাকাইবার সময়টুকুও যেন তাহাদের ছিল না। কিন্তু ইংরেজ সৈন্যগণ তাহাদের পশাঝাবন করিয়া ইহাদের পাকড়াও করিল এবং অত্যন্ত নির্মমভাবে হত্যা করিল। একমাত্র যাহারা অত্যন্ত ক্পিপ্রতার সঙ্গে পলায়ন করিতে সমর্থ হইয়াছিল, তাহারাই কোন প্রকারে প্রাণ লইয়া বাঁচিয়া রহিল।

এই এলাকার অন্য লোকের। ইংরেজদের অনুগত হওয়াই উত্তম বলিয়া বিবেচনা করিল। অবশ্য ছইজন বীর শেষ পর্যন্ত স্থাধীনতা রক্ষার জন্য সংগ্রাম চালাইয়া যাইতে লাগিলেন। আয়মর্যাদা ও স্থাধীনতার মত নেয়ামত তাহারা ছশমন নাসারাদের হাতে তুলিয়া দিয়া নিশ্চিন্ত হইতে চাহিলেন না। সামান্য কিছুসংখ্যক সৈন্যসহই তাহারা বিপ্লসংখ্যক ইংরেজ সৈন্য ও তাহাদের সাহায্যকারীদিগকে পর্যুদন্ত করিয়া ছাড়িলেন। কিন্তু বিপ্লসংখ্যক শক্রসৈন্য ও তাহাদের অন্ত-শন্তের সম্মুখে শেষ পর্যন্ত তিকিয়া থাকা তাহাদের পক্ষেও সন্তব হইলে না। তাহারা শক্র-ব্যুহ ছিল্লভিন্ন করিয়া আত্মরক্ষার নিমিন্ত যুদ্ধক্ষেত্র হইতে সরিয়া গেলেন। এমন নিপ্লতার সহিত তাহারা মৃদ্ধক্ষেত্র ত্যাগ করিয়া গেলেন যে, ইংরেজদের পক্ষে তাহাদের পশ্চাদ্ধাবন করাও সপ্তবপর হইল না। কিন্তু তাহাদের পলায়নের সঙ্গে সঙ্গেই সেই এলাকাও পূর্ণমাত্রায় ছশমনের অধিকারে

চলিয়া গেল। সৈন্য ও দেশবাসীর নৈতিক বল ভাঙ্গিয়া পড়িল। ইংরেজ সৈন্যদের ভীতি চারিদিকে ছড়াইয়া পড়িল। এই যুদ্ধই ছিল এই দেশবাসী আযাদীপ্রিয়দের পক্ষ হইতে সর্বশেষ প্রতিরোধ সংগ্রাম। ইহার পর প্রকৃত প্রস্তাবে ইংরেজ শক্তির সম্মুখে আর কোন বাধাই রহিল না। তাহারা নিশ্চিন্তে চারিদিকে ছড়াইয়া পড়িতে লাগিল। ইংরেজবাহিনী যেদিকেই অগ্রসর হইল, লোকজন ভয়ে তাহাদের পথ ছাড়িয়া দিল। কোনপ্রকার প্রতিরোধ ব্যতিরেকেই ভারতের প্রশক্ত ভূমিতে একের পর প্রক জনপদ তাহাদের বশ্যতা স্বীকার করিয়া লইতে লাগিল।

একের পর এক ইংরেজদের বিজয় অভিযান চলিল। মূল বিদ্রোহ অনেক আগেই স্তিমিত হইয়া গিয়াছিল। শুধুমাত্র স্থানে স্থানে দেশ-প্রেমিক জনসাধারণ ও মুজাহিদ আন্দোলনের কর্মীদের মধ্যে বিপ্লবের আগুন ধিকিধিকি দ্বলিতেছিল। ইতিমধ্যে ইংলণ্ডের রাণী ভিক্টোরিয়ার পক হইতে এক প্রতারণাপূর্ণ ঘোষণা প্রচারিত হইল। অসংখ্য মুদ্রিত কাগজে এই মর্মে এক ফরমান জারি হইল যে, "একমাত্র যাহারা ইংরেজ নারী, শিশু ও অসহায় বন্দীদের উপর নির্ঘাতন করিয়াছে, আর সন্দেহা-তীতরূপে তাহা প্রমাণিত হইয়াছে, তাহারা ব্যতীত বিদ্রোহী সকলকেই সাধারণভাবে ক্ষমা করিয়া দেওয়া হইল।'' এই ফরমান বলে এ দেশে ইংরেজ শাসনের বুনিয়াদ মজবুত হইয়া গেল। জনসাধারণের এক বিপুল অংশ এবং যুক্ষকান্ত নিরাশ সৈন্যবাহিনীর লোকজন প্রভৃতি শান্তি ও নিরাপত্তার আশায় ইংরেজদের সহখোগিত। করিতে প্রস্তুত হইল। অবশ্য যাহারা ইংরেজ্বদের বিরুদ্ধে জনস্ধারণকে সংঘবদ্ধ করিয়াছে, তাহাদিগকে বিদ্যোহের পথে উস্থানি দিয়াছে এবং স্বাধীন সরকার গঠন করিয়া এই দেশ হইতে ইংরে**জ শাসনের চি**হ্ন চিরতরে বিলুপ্ত করার কা**জে নেতৃ**ছ দান করিয়াছে, তাহাদিগকে ইংরেজ কর্তৃপিক ক্ষমা করিতে পারিল না। তবু মুক্তিযোদ্ধাদের অনেক হতোদ্যম লোক ইংরেজদের নিকট আত্রসমর্থন করাই উত্তম বলিয়া বিবেচনা করিল।

এইদিকে নবাব-বেগমের সৈনাবাহিনীতে বাপেক নৈরাশা আসিয়াছিল। দারুণ অর্থ সংকটে সকলের জীবনই বিপন্ন হইয়া উঠিল। দীর্ঘদিন যাবং বেতন ও প্রয়োজনীয় দ্রবাদি না পাইয়া তাহাদের জীবন-যাত্রা কঠিন হইয়া দাঁডাইল। ইংরেজ বাহিনীর ব্যাপক বিজয় অভিযানের ফলে বেগমের নিকট খাজনা আসা বন্ধ হইয়া গিয়াছিল। ভারতের বিশাল পরিধি যেন তাঁহার সম্মুখে দিন দিনই সংকৃচিত হইয়া আসিতে-ছিল। তাঁহার সঙ্গীয় আমীর উমারাহ ও পদন্ত ব্যক্তিগণ দারিদ্রা ও প্রবাসের তঃথ-কপ্টে দিশাহারা হইয়া পডিয়াছিলেন। প্রিয়জনের সারিধ্য হইতে বঞ্চিত হইয়া, পরিবার-পরিজন হইতে বহুদরে তাঁহাদের জীবন যেন অর্থহীন এক বিয়োগাত্মক নাটকে পরিণত হইয়া পডিয়াছিল। এই কঠিন জীবনে সামান্যতম একট স্থ্য-স্বাচ্ছন্দাও তাঁহাদের পক্ষে স্বপ্নাতীত ব্যাপারে পরিণত হইয়াছিল। এ অবস্থায় অধিকাংশ সৈতা ও পদস্থ ব্যক্তি ইংরেজ সরকারের পক হইতে প্রচারিত সাধারণ ক্ষমা প্রদর্শনের স্থযোগ গ্রহণ করার জন্য পলায়ন করিতে শুরু করিল। ইংরেজদের নিকট উপস্থিত হইয়া তাহার। ক্ষমা প্রার্থনা করিল। ইংরেজ কর্তৃপক্ষ তাহাদের অস্ত্র-শস্ত্র ও যানবাহনের জন্তগুলি ছিনাইরা রাখিয়া তাহাদিগকে ক্ষা করিয়া দিল। তাহারা সর্বস্বান্ত হইয়া ক্ষুদ্ধ মনে অত্যন্ত অপমানের জীবন গ্রহণ করতঃ বাড়ি-ঘরে ফিরিয়া আসিল।

এইভাবে সমগ্র দেশ ইংরেজ শাসনের নাগপাশে আবদ্ধ হইয়া গেল।
কোন এলাকাতেই তাঁহাদের অগ্রগতিতে বাধা দেওয়ার মত কেহ অবশিষ্ট রহিল না। এই নৈরাশ্যজনক অবস্থা দেখিয়া বেগম তাঁহার সামান্য কিছু-সংখ্যক সঙ্গী-সাথীসহ আরও গভীর জংগল ও পার্বত্য এলাকার দিকে নেপাল সীমান্তে চলিয়া গেলেন। ভারত ভূমির অধিকার এইভাবে ইংরেজ-দের হাতে স্থায়ীভাবে চলিয়া যায়।

অতঃপর আমার কাহিনী! সংগ্রামে জ্রংশগ্রহণ করার পর হইতে এই পর্যস্ত বার বার আশা ভঙ্গ ও নৈরাশ্যের বিভীষিকায় আমার দিন অতি-বাহিত হইতেছিল। প্রবাসের জীবন, বিপদ-আপদের সীমাহীন অম্বস্তির বাত্যাপ্রবাহে আমার নৈতিক বলও যেন ভাঙ্গিয়া পড়ার উপক্রম হইয়াছিল। আজীয় বন্ধুদের নিকট হইতে দীর্ঘকালের অন্তপস্থিতি, পরিচিত প্রতিবেশীর গুলাতাপূর্ণ ব্যবহার, সর্বোগরি জন্মভূমির দ্বিশ্ব শীতল হাতছানি আমার মণপ্রাণ উতলা করিয়া ভূলিয়াছিল। এমন সময় ইংল্যাণ্ডের রানীর সেই ফরমান এবং অঙ্গীকারপত্রটি আমার হস্তগত হইল। ফরমানে যেভাবে অঙ্গীকার করা হইয়াছিল, সর্বোগরি শপথের পর শপথ করিয়া যেভাবে উহাকে সাজানো হইয়াছিল, তাহা দেখিয়া আমার সরল অন্তর আশস্ত হইল। আমি বিনা দিধায় বাড়িতে ফিরিয়া আসিলাম। পরিবারপরিজনের প্রেহ-মমতার টান এমন তীত্র হইয়া উঠিয়াছিল যে, সাধারণ বিচার-বৃদ্ধিটুক্ত আমি হারাইয়া ফেলিয়াছিলাম। অন্তথায় আমি কেন যে এই চিন্তাও করি নাই যে, বেঙ্গমান বে-দ্বীনের অঙ্গীকারের কোন মূল্য নাই। ধর্মহীন কাফেরের শপথের উপর বিশ্বাস হাপন করা কিছুতেই উচিত নহে। আথেরাতের ভয় এবং শেষ বিচারের ভয়াবহতা সম্পর্কে যাহাদের কোন জ্ঞান বা আকিদা নাই, তাহারা অঙ্গীকার করিয়া তাহার খেলাফ করিবে, ইহা মোটেই বিচিত্র ব্যাপার নহে।

অন্ন কিছুদিন পরই জনৈক উচ্চপদ্থ ইংরেজ কর্মচারী আমাকে বাড়ি হইতে ডাকাইয়া নিয়া বন্দী করিয়া ফেলিল। এই কুঠোর বন্দী জীবন শুরু হওয়ার পরই আমাকে রাজধানীতে (লাখনো) পাঠাইয়া দেওয়া হইল। রাজধানী প্রকৃতপক্ষে তখন ছিল ধ্বংস ও হত্যাযজ্ঞের প্রধান কেন্দ্রভূমি। এখানে আমার বিচার প্রহুসনের দায়ির দেওয়া হইল এমন জালিমের উপর, যাহার স্থবিচার বা অন্থকম্পা প্রদর্শনের মত সাধারণ যোগ্যতাটুকুও ছিল না। সে ছিল যেমন একগুঁয়ে তেমনি নির্দ্ধর। তর্পরি তুইটি ইতর প্রকৃতির লোক আমার বিরুদ্ধে তাদের বহুদিনের মনের আক্রোশ প্রাণ ভরিয়া বাহির করিল। এই ছই হতভাগ্যের সহিত দীর্ঘকাল যাবং এই ব্যাপারে আমার তর্কগুরু চলিয়া আসিতেছিল যে, কোর-আনের সরাসরি নির্দেশ মোতাবেক যে সমস্ত জাতিলোহী মুসলিম নামধারী

ব্যক্তি মুসলমানদের স্বার্থ পদদলিত করিয়া খ্রীষ্ঠান নাসারাদের সাহাধ্য-সহঘোগিতা করে, তাহাদিগকে খ্রীষ্ঠান নাসারা বলিয়া গণ্য করা হইবে কি-না।
আমি এই ধরনের লোকদিগকে নাসারাদের চাইতেও অধম বলিয়া মনে
করিতাম। তাহারা এই ব্যাপারে কোন দোব খুঁজিয়া পাইত না। ফলে,
আমার সঙ্গে তাহাদের তর্কযুদ্ধের স্ত্রপাত হয়। তাহাদের মত ছিল, খ্রীষ্ঠানদের সহিত যে কোন শর্ভে এবং যে কোন অবস্থায় আপোষ রফা করিয়া
বসবাস করাতে কোনই দোষ নাই। তাহারা ছিল অর্থের বিনিময়ে দ্বীন ও
ঈমান বিক্রয়কারী। এহেন হুই ব্যক্তি ইংরেজ কর্তু পক্ষের নিকট আমার
বিরুদ্ধে অনেক মনগড়া অভিযোগ করিয়া পূর্ব হুইতেই তাহাদের কান ভারী
করিয়া রাখিয়াছিল। ফলে, বিচার-প্রহুসনে যা হওয়ার তাহাই হুইল।
যালিম বিচারক আমাকে আজীবন কারাদণ্ড ও নির্বাসনের নির্দেশ দেয়।
এতদ্ সঙ্গে আমার স্থাবর-অস্থাবর সমস্ত সম্পত্তি, পুক্ষান্তক্রমে সঞ্চিত
পুস্তকসমূহের বিপুল ভাণ্ডার, এমনকি আমার অসহায় পরিবার-পরিজনের
বসবাসের বাড়ি-ঘর পর্যন্ত বাজেয়াপ্ত করা হয়।

শুধুমাত্র আমার সুঙ্গেই এই ন্যকারজনক ব্যবহার করা হয় নাই। এই দেশের হাজার হাজার শিক্ষিত, ভন্ত ও বিশিষ্ট ব্যক্তিকে নিরাপত্তা ও ক্ষমার ওয়াদা করার পর ফ াঁসিকার্চ্চে ঝুলান হয়, অথবা আজীবন কারাদণ্ডে দণ্ডিত করা হয়। বলিতে গেলে হাজার হাজার মানুষের সঙ্গে আমার চাইতেও বেশী নির্ভুর আচরণ করা হয়। পূর্ব অঙ্গীকারের কোন মর্যাদা রক্ষা না করিয়া অসংখ্য মুসলমানের বিষয়-সম্পত্তি বাজ্বেয়াপ্ত করিয়া লওয়া হয়। কত সুন্দর বাড়িঘর, সুসজ্জিত বাগান এবং মূল্যবান আসবাবপত্র যে বর্বর গোরা সৈন্যরা ধ্বংস করিয়া ফেলে তাহার ইয়ন্তা নাই। এইভাবে যে সমস্ত লোককে নির্যাতন অথবা হত্যা করা হয়, সাধারণভাবে গণনা করিয়া তাহার সংখ্যা নিরূপণ করা কিছুতেই সন্তবপর হইবে না। বিশেষতঃ দিল্লী ও লাখনোর মধ্যবর্তী এলাকাগুলিতে যে সমস্ত বিশিষ্ট পরিবার বসবাস করিত

তাহাদের মধ্যে কোন লোককেই অমান্থবিক নির্ধাতনের কবল হইতে নিস্তার দেওয়া হয় নাই।

এই শরীফ লোকদের মধ্যে মুসলিম নামধারী এক ব্যক্তি উপস্থিত হইয়া তাঁহাদিকে আশ্বাস দেয় যে, ইংরেজ কর্তৃপক্ষের পক্ষ হইতে তাঁহাদিগকে নিরাপণ্ডার আশ্বাস দেওয়া হইয়াছে। তাঁহারা যদি দিল্লীতে উপস্থিত হইয়া আলগত্য প্রকাশ করেন তবে তাঁহাদের কোনই ভয় নাই। কিন্তু দিল্লীতে যখন সকলেই সমবেত হইলেন, তখন নাসারাদের সন্তুষ্টির জন্ম সে সমস্ত বিশিষ্ঠ ব্যক্তিকে গ্রেফতার করিয়া লয়। অঙ্গীকার ভঙ্গ করা ও বিশ্বাস্ঘাতকতা পৃথিবীর সকল ধর্মেই নিন্দনীয় কাজ। কিন্তু খ্রীষ্টানদের সন্তুষ্টি বিধানের জন্য সেই সাধারণ শিষ্ঠতাবোধও সে বিসর্জন দিতে ইতন্ততঃ করে নাই। নাসারা প্রভূদের সন্তুষ্টির জন্য সে এমনই আগ্রহান্বিত হইয়া পড়িল যে, আল্লাহ রাক্বুল-আলামীনের সন্তুষ্টি-অসন্তুষ্টির চিন্তাও তাহার মন্তকে আসিল না। ইংরেজ যালিমেয়া এই সমস্ত বিশিষ্ঠ ব্যক্তিকে হাতকড়া লাগাইয়া গ্রেফতার করিয়া লইল। তাহাদের অধিকাংশকেই হত্যা করা হইল। কিছুসংখ্যক লোক বন্দী হইলেন অথবা নির্বাসিত হইলেন। আর সেই নাসারার গোলাম, বেঈমান রইস মুসলমানদের পবিত্র খুনের বদলায় ইংরেজ কর্তৃপক্ষের নিকট হইতে প্রভূত পুর্কার প্রাপ্ত হয়।

এমনি অগণিত রক্তপাত ও হাদ্যবিদারক কাহিনীর মধ্য দিয়া ইংরেজ বর্বতার অবসান হয়। অতঃপর আমার অবস্থা অতান্ত দ্রুত পরিবর্তন লাভ করিতে থাকে। আমাকে বন্দী অবস্থায় এক কয়েদখানা হৈইতে অন্য কয়েদখানায়, একপ্রান্তর হইতে জুন্য প্রান্তরে এবং নির্যাতনের এক অধ্যায় হইতে অন্য এক অধ্যায়ে লইয়া যাওয়া হয়। তাহারা আমার পায়ের জুতা ও পরণের রুচিসন্মত পোশাক খুলিয়া ফেলে। অতঃপর নগ্নপদে এবং জঘন্য ধরণের মোটা বস্ত্রে কোন প্রকারে লজ্জা নিবারণ করার ব্যবস্থা করা হয়। আমার পরিচ্ছন কোমল শব্যা ছিনাইয়া লইয়া শক্ত, কন্টদায়ক ও হুর্গন্ধযুক্ত শব্যা দেওয়া হয়। সেই শব্যার কথা বর্ণনা করার

ভাষা আমার নাই। সমগ্র শ্যায় যেন কন্টক পুঁতিয়া রাখা হইয়াছিল। সামান্য একটি লোটা, পেয়ালা, সাধারণ ব্যবহারোপযোগী একটি বরতন (বাসন) পর্যন্ত আমাকে দেওয়া হয় নাই। সিদ্ধমাছ খাদ্য হিসাবে দেওয়া হইত গরম পানি। হায়েরে স্বদেশপ্রেম! জনতার ভালবাসা আমরা পাইলাম না। এই বার্ধক্যের দিনগুলিতে সেবা-যদ্মের জন্য উন্মুখ আমার এই দেহ মন পাইল জিন্দানখানার তপ্ত পানীয়। স্বেহ-মমতার শীতলতা হইতে আমরা রহিলাম দুরে বহু দুরে। তার পরিবর্তে অনবরত আমাদিগকে নির্ধাতন, অপমান ও মানবতা-বিরোধী আচরণ সহ্য করিতে হইতেছে।

অতঃপর কুদর্শন তুশমনের যুলুমের শিকার হইয়া আমি নীত হইলাম কালাপানির পার্বত্য এলাকায়। এই স্থানের আবহাওয়া মারাত্মক। সর্বদা যেন মাথার উপর তপ্ত সূর্য অয়িবর্ষণ করিতে থাকে। এই মরণদ্বীপের কোথাও পথঘাটের নামগন্ধ নাই। তুর্গম বন্ধর পথঘাটে সর্বদা হিংস্র প্রাণীর খেলা চলে। এই বিচরণস্থানও আবার মাঝে মাঝে লোনা পানির ঢেউ আসিয়া প্লাবিত করিয়া দেয়; আর রাখিয়া যায় শুরু লবণাক্ত কর্দম ও বিষাক্ত পলিমাটি। এ স্থানের প্রাতঃকালীন বায়্ও 'লু'র ন্যায় গরম এবং ভয়াবহ। এখানকার অমৃতও হলাহলের চাইতে মারাত্মক। এস্থানের খাদ্য মালুষের উপযোগী নয়। এই দ্বীপের পানি সাপের বিষের চাইতেও মারাত্মক ও ভয়াবহ। এই দ্বীপের আকাশ হইতে যাতনার রৃষ্টি ঝরে। এই দ্বীপের মোঘমালা শুরু নির্যাতন ও তুশ্চিম্ভা বর্ষণ করিয়াই ক্ষান্ত হয়। এই দ্বীপের মাটি স্থচাগ্রসদৃশ তীক্ষধার এবং ইহার কম্বরপূর্ণ বাতাস অপমান ও লাঞ্জনার পয়গান বহন করিয়া আহাজারী করিয়া ফিরে।

আমাদিগকে অপ্রশস্ত অন্ধকার কুঠরীতে বন্দী করা হইল। ঘরগুলির উপরে ছাদ আছে সত্যই, কিন্তু র্টি পড়ার সঙ্গে সঙ্গে আমার ছুই নয়নের অশ্রুধারার ন্যায় র্টিধারা সমগ্র ঘরটি প্লাবিত করিয়া দেয়। সেই সাথে বাতাস ছুর্গন্ধযুক্ত হইয়া উঠে এবং রোগের উৎপত্তি ঘটায়। ব্যাধিবিমারী এখানকার নিত্যনৈমিত্তিক ব্যাপার হইলেও ঔষধ এখানে হুম্প্রাপ্য। অসংখ্য প্রকার রোগ নিত্যই আমাদেরকে আক্রমণ করিতে আসে; কিন্তু সেগুলির পদ্য আমাদের জানা নাই। খুঁজলি, দাদ ও শরীরের স্থানে স্থানে ক্যোক্ষা পড়া এখানে রোগের মধ্যেই গণ্য নয়। কিন্তু সামান্য একট্ মলম বা মামূলী কোন ঔষধের সন্ধানও আমাদের নাগালের বাইরে।

নামেমাত্র চিকিৎসকের ব্যবস্থা অবশ্য এখানে আছে। কিন্তু তাহাদের চেষ্টায় রোগের উপশম না হইয়া বরং তাহা বর্ধিত হইতে থাকে। চিকিৎস-কেরা নতুন নতুন চুঃখ-কপ্টের বার্তাবহ হইয়া আমাদের নিকট উপস্থিত হয়। মুমূর্য রোগীর শিয়রে বলিয়া একটু সাম্বনার বাণী বা হৃদয়বিদারক তৃঃখ-কষ্টের মধ্যে একটুখানি সমবেদনা প্রকাশের জন্যও কোথাও কোন লোক পাওয়া যায় না। অবজ্ঞা, অবহেলা এবং কটুবাক্য বর্ষণ করিয়া ত্রংখ-কষ্ট বৃদ্ধি করাই এই স্থানের রীতি। মানুষকে কণ্ট দিয়াই এখানে লোকে শান্তি পায়। এখানকার তুঃখ ও রোগ শোকের সঙ্গে তুনিয়ার আর কোন তুঃখ-কণ্ঠেরই তুলনা হয় না। সামান্য একটু ছর এখানে মৃত্যুর পয়গাম লইয়া আনে। সাধারণ একট সদিতেও মস্তিক স্ফীত হইয়া অসহ্য ব্যগার স্থান্তি করে। এখানে এমন অসংখ্য রোগ নিতাই আক্রমণ করিয়া থাকে যার উল্লেখ পর্যন্ত কোন চিকিৎসা বিষয়ক গ্রন্থে নাই। ইংরেজ-নাসারা চিকিৎস-কেরা রোগীদের উপর নানা প্রকার পরীক্ষা-নিরীক্ষার খড়গ চালাইয়া চিকিৎসাশাস্ত্র সম্বন্ধে অভিজ্ঞতা অর্জনের চেষ্টা করে মাত্র। পরীক্ষা-নিরী-ক্ষার পাত্রে পরিণত হইয়া কত লোকের যে মস্তিক বিকৃত হইয়া গিয়াছে, কত লোক যে চিরতরে পংগু হইয়া পড়িয়া রহিয়াছে, তাহার কোন হিসাব নাই। রোগ না চিনিয়া ওষধ দেওয়া এবং নতুন নতুন ঔষধের পরীক্ষা-নিরীকা চালানোর ফলে যাহারা অকালে মৃত্যুমুখে পতিত হয়, তাহাদের মৃতদেহ কাটিয়া দেখা হয়। তারপর সেগুলি শয়তানের দোসর নিকৃষ্ট ভোমদের হাওলা করিয়া দেওয়া হয়। উহারা পবিত্র লাশের পায়ে দভি বাঁধিয়া টানিয়া লইয়া যায় এবং নদীতে ফেলিয়া দেয় অথবা কোন পথের ধারে কিংবা বালির স্তপের নীচে শৃগাল-কুকুরের জন্য রাখিয়া দেয়। দাফন-কাফন বা জানাযার কোন ব্যবস্থাই এখানে নাই।

কি হৃদয়বিদারক আমাদের এই কাহিনী! মৃতের সঙ্গে এই আমানুষিক ব্যবহার প্রতিনিয়ত চোথের সম্মুখে না হইলে সম্ভবতঃ মৃত্যু কামনাই এখান-কার সকলের সর্বাপেক্ষা কাম্যবস্ত হইয়া দাঁড়াইত, আর তড়িং মৃত্যুই হইত স্বচাইতে বড় কামনার ধন! আত্মহত্যা যদি ইসলামী শরীয়তে নিষিদ্ধ এবং আথেরাতে মহা-আজাবের অবশ্যস্তাবী কারণ বলিয়া নির্দেশিত না হইত, তবে এই নির্যাতনের হাত হইতে মুক্তি পাওয়ার পক্ষে বোধ হয় মৃত্যুর শীতল হাত বাছিয়া নেওয়ার পন্থাই সকলে অবলম্বন করিত। এহেন অমান্ম্যিক নির্যাতন কেহই স্বেচ্ছায় বরদাশ ত করিতে চাহিত না।

এই অসহনীয় অবস্থার মধ্যেই আমি নানাপ্রকার রোগে আক্রান্ত হইয়া পডিলাম। ফলে, আমার ধৈর্যের সীমা ভাঙ্গিয়া পডিল। অন্তর আমার সংকীর্ণ হইয়া আসিল। আমার ভাগ্যাকাশের চাঁদ যেন রাহুগ্রস্ত হইয়া গেল। যে সামান্য মান-মর্যাদাবোধ আমার মধ্যে অবশিষ্ট ছিল তাহাও বিলুপ্ত হইতে বসিল। এখন আর ভাবিতেও পারি না যে, এই মহাবিপদ হইতে আত্মরক্ষার কোন পথ আদৌ খুঁজিয়া পাইব কিনা? দাদ-খুঁজলী অসহা রকম বাডিয়া গিয়াছে। আমার সকাল-সন্ধ্যা নিদারুণ কষ্ট ও কাত-রানীর মধ্যে অতিবাহিত হয়। শরীর জথমের আধিক্যে জর্জরিত হইয়া গিয়াছে। প্রাণান্তকর ব্যথা-বেদনার মধ্যে আমার দিনের পর রাত্তি এবং রাত্রির পর দিন যেন আরও অসহনীয় হইয়া উঠিতেছে। রোগের দাপটও ক্রমে বর্ধিত হইয়াই চলিয়াছে। সেই সময় বোধ হয় আর বেশী দুরে নয়, যথন এই খুঁজলী-পাঁচড়ার নিদারুণ যন্ত্রণা আমাকে নিংশেষ করিয়া দিতে সক্ষ হইবে। হায়! এক সময় ছিল, যখন জীবনের এহেন সুখ-শান্তি নাই যাহা আমার আয়তে ছিল না। তার আজ আমি বন্দী-জীবনে তিলে তিলে মৃত্যুযন্ত্রণা ভোগ করিতেছি। এক যুমানা ছিল, যুখন আমার নিক্ল-দিগ্ন জীবন সুখী-সমৃদ্ধ মানুষেরও হিংসার উদ্রেক করিত। আর আজ আমি বন্দীত্বের দারুণ কষ্টের মধ্যে পংগু ও চলংশক্তিহীন হইয়া মৃত্যুর জন্য অপেকা ক্রিতেছি ; কিন্তু মৃত্যুও আমাকে গ্রহণ করিতে প্রস্তুত হইতেছে না।

তুশমন জালেমের। আমাকে নিত্য-নতুন তুঃখ-কপ্তে পতিত করিয়। ধ্বংস করিতে তৎপর রহিয়াছে। কিন্তু এই তুনিয়ার বুকে আমার অসংখ্য হিতা-কান্দ্রী প্রিয়জন থাকা সম্বেও কেহ আমাকে সামান্য একটু সাহায্যও করিতে পারিতেছে না। এই তুশমনদের অন্তরে আমার প্রতি ঘৃণা ও বিদেষ যেন ধর্মবিশ্বাসের ন্যায় দৃঢ়য়ূল হইয়া বসিয়াছে। ইহাদের অপবিত্র অন্তর যেন শক্রতারই আকর বিশেষ।

এই সমস্ত বিষয় প্রত্যক্ষ করিয়া আমি এখন মুক্তি পাওয়ার আশা এক-প্রকার ছাড়িয়া দিয়াছি। সকল আশা-আকান্ডা অন্তর হইতে মুছিয়া ফেলিয়াছি। তবুও পরম করুণাময় বিশ্বপালক আল্লাহর অসীম করুণা সম্বন্ধে আমি নিরাশ নই। সেই পরাক্রান্ত মহান আলাহই অত্যাচারী ফেরাউনদের কবল হইতে নিরীহ তুর্বল আল্লাহর বান্দাদের মুক্তির পথ করিয়া দেন। অত্যাচার-অবিচারের শত আঘাত তিনিই তাঁর করুণার প্রলেপ দিয়া শান্ত করিয়া দেন। সকল অত্যাচারী উদ্ধতজনের প্রতি তিনি ক্ষমাহীন কঠোর। সকল ভগ্নস্বদয়ের পক্ষে সান্ত্নার উৎস আর প্রত্যেক ক্ষতিগ্রস্ত সর্বহারার জীবনে পুনঃপ্রতিষ্ঠার অবলম্বন এবং সর্বপ্রকার জটিলত। সহজ করিয়া দেওয়ার একমাত্র অধিকারী তো তিনিই। তিনিই হযরত নৃহকে ঝড়ের দাপট হইতে, হযরত আইয়ুবকে কঠিন রোগ ও অকল্পনীয় বিপদের হাত হইতে, হযরত ইউন্নছকে মাছের উদর হইতে এবং বনী-ইসরাঈলকে কল্পনাতীত নির্বাতনের কবল হইতে উদ্ধার করিয়া-ছিলেন। তিনি হযরত মূসা ও হারুনকে ফেরাউন, হামান ও কারুণের কবল হইতে হযরত ঈসাকে ধড়যন্ত্রকারীদের সীমাহীন বড়যন্ত্রজাল হইতে রকা করিয়াছিলেন। স্বীয় হাবীব মুহাম্মদ মুস্তাফাকে কাফের শক্তির সর্ব-প্রকার শত্রুতা ও আক্রমণের সম্মুখে বিজয়ী করিয়াছিলেন। স্বতরাং এই বিপদ, রোগ-শোক ও সর্বনাশা ভাগ্যবিপর্যয়ের সময় আমিই বা কেন তাঁর

35-49

অনন্ত অন্ত্রহ্রাশি হইতে নিরাশ হইব ? তিনিই আমার প্রওয়ারদেগার, তিনিই ক্ষমাশীল। তিনি সকল অপরাধ ও ক্রটি-বিচ্যুতির প্রতি ক্ষমাশীল। মৃত্যুর কিনারায় উপনীত হইয়াও রোগাক্রান্ত ব্যক্তিগণ শুধুমাত্র তাঁহাকে শ্বরণ করিয়া আরোগ্যলাভ করিয়া থাকে। তেমনি জীবনের প্রতিপদে ভূলভান্তির আবর্তে ভূবিয়া থাকিয়াও যদি কেহ তাঁহার কাছে হাত ভূলিয়া ক্ষমাপ্রার্থী হয় তাহা হইলেও তিনি তাহাকে ক্ষমা করিয়া দেন। কত অগণিত বিপদগ্রস্ত লোক তাঁহাকে শ্বরণ করিয়া বিপদের কবল হইতে মুক্তিলাভ করিয়া থাকে। পথহারা মুসাফির তাঁহাকেই শ্বরণ করিয়া উদ্ধার পায়, ছয়্প-কর্ত্ত হইতে নিস্তার লাভ করে। কত নিরাশ মান্ত্র্যের মনোবাঞ্ছা তাঁহারই নামের ওসিলায় পূর্ণ হয়। হাত-পা বাঁধা অবস্থা হইত্তেও কত বন্দী তাঁহার মেহেরবাণীতে অপ্রত্যাশিতভাবে মুক্তিলাভ করিয়া স্বাধীন-মুক্ত জীবনের স্বাদ অনুভ্ব করিতে পারে!

আমিও আজ মজলুম, ভগ্ন-হাদয়, দিশাহারা। এই বেশেই আমি আজ আমার মহান পরওয়ারদেগারকে প্রাণ ভরিয়া ডাকিতেছি। তাঁহার প্রিয় হারীবের নামের বরকতে অঞ্চকন্দ্র কঠে তাঁহার মহান দরবারে আশা পোষণ করিতেছি। তিনি কথনও তাঁর প্রতিশ্রুতির খেলাফ করেন না। মজলুম, দিশাহার আকুল আহ্বান তিনি শুনিয়া থাকেন। মজলুমের ডাকে সাড়া দিবেন বলিয়া তিনি ওয়াদাবদ্ধ হইয়াছেন। বিপদ দূর করার আশাসও তিনিই দিয়াছেন। সেই মহান আল্লাহই আমাকে এই অমান্থিক নির্মাতন হইতে মুক্তি দিবেন। তিনিই বর্তমানের এই অবর্ণনীয় বেদনাময় পরিস্থিতি হইতে আমাকে উদ্ধার করিবেন। যে সমস্ত ভ্রম্ম রোগে আক্রান্ত হইয়া আমি আজ বিনা চিকিৎসা ও বিনা যত্নে ছটফট করিতেছি, তিনি আমাকে সেই কালব্যাধির কবল হইতে আরোগ্যদান করিবেন। যাহারা আমাকে নির্ম্বেক এখানে বাঁধিয়া আনিয়াছে, তাহাদের হাত তিনিই শিথিল করিয়া দিবেন। আমার ক্রন্সন, আমার বেদনাময় হা-হুতাশ একমাত্র তাহারই দয়ার্দ্র কর্ণে যাইয়া পেঁটছিবে। তিনিই তার প্রতিকার করিবেন। তিনিই

আমার বর্তমান গুর্ভাগ্যের পরিবর্তে জীবনাকাশে সৌভাগ্যের নৃতন স্থাদের ঘটাইবেন। তিনিই একমাত্র সর্বশ্রোতাঃ সকলের মনোবাঞ্চা পূর্ণকারী। আমার এই নির্বাসনের বেদনা দূর করিয়া একদিন কল্পনাতীত সুখ ও মর্যাদার অধিকারী করিবেন।

হে আমার পালনকর্তা প্রভূ! আমাকে এই নির্ঘাতনের হাত হইতে মুক্তি দাও। সকল আকাঞা পোষণকারীর আকাঞা পূর্ণকারী সকলের ভরসাও আশ্রয়স্থল; তোমার প্রিয় হাবীব; তাঁর পূণ্যাত্মা সাহাবীগণ এবং তাঁহার পবিত্র পরিবার-পরিজনের সকলের পাক রহের ওসিলায় আমার প্রতি করুণা কর। হে দাতা, হে দয়ালু, তুমিই তো অক্ষম মজলুমের পক্ষ হইয়া ওদ্ধিত যালিমের উপর প্রতিশোধ গ্রহণ করিয়া থাক। সমগ্র ছনিয়ার মানুষ কৃতজ্ঞতায় তোমারই সম্মুখে মস্তক নোয়ায়। তুমিই ছনিয়ার সকলকে লালন-পালন করিতেছ। তুমিই সকলের মনের বাসনা পূর্ণ করিবে।

সংক্ষেপে আমার তুঃখ-তুর্দশা ও অমান্থবিক বন্দী-জীবনের বেদনাময় কাহিনী বলিয়া শেষ করা হইল। অন্তর তুইটি কবিতার মাধ্যমেও আমার অন্তরের প্রতিধ্বনি করিয়াছি। ইতিপূর্বেও অবশ্য কাব্যের ভাষায় আমার নির্যাতন-কাহিনী কালের পাতায় দাগ কাটিতে সমর্থ হইয়াছে। তিনশত পংক্তির মাধ্যমে এক নির্যাতিত আত্মারই মাত্র মূখ খুলিয়াছে। অনবরত কাব্যের ভাষায় গুন গুন করিয়া আমি আমার নিত্য-নৃতন নির্যাতন কাহিনী গাহিয়া থাকি। সংগ্রহ করিলে তাও বোধ হয় আরবী সাহিত্যের সম্পদ হইয়া থাকিত; কিন্তু জানি না, তা সংগ্রহ করার ন্যায় সামান্য উপকরণের ব্যবস্থা হইবে কিনা। আর এহেন অসহনীয় নির্যাতনের মধ্যে কখনও তা' সংগ্রহ করা আদৌ সন্তবপর হইবে কিনা। সর্বশেষ আমি আমার এই কাহিনী হাবীবে খোদা মুহাম্মদ মুস্তকা ও তাঁর পবিত্রাম্মা পরিবার-পরিজনের এবং সাহাবীগণের প্রতি দর্কদ ও সালামের সহিত সমাপ্ত করিতেছি। আল্লাহর উপর ভরসা। সকল কর্মের পূর্ণতা বিধান একমাত্র তাঁর মাধ্যমেই সম্ভব।

--ঃ সমাপ্তঃ--

